- প্রতি দল থেকে ঐকমত্যের ভিত্তিতে তিন প্রকারের চার দক্ষতার ৪টি প্রশ্ন নির্বাচন করে (পূর্বে উপস্থাপিত প্রশ্ন ব্যতীত) পোস্টার তৈরি করতে বলবেন;
- প্রত্যেক দলকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশিক্ষণার্থীগণের যৌক্তিক মতামতের ভিত্তিতে প্রশ্ন পরিমার্জন করতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব পর্যবেক্ষণের আলোকে প্রশ্ন পরিমার্জন করে দিবেন।

**কাজ-৩: একসেট বহুনির্বাচনি প্রশ্ন চূড়ান্তকরণ ও নির্দেশক ছকে উপস্থাপন (১১৫ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- অধিবেশনের তথ্যপত্রটি নীরবে পাঠ করতে বলবেন;
- প্রশ্নোত্তর এবং সমবেত আলোচনার মাধ্যমে নির্দেশক ছকের (**পরিশিষ্ট-ঝ**) ধারণা ও গুরুত্ব স্পষ্ট করবেন;
- প্রত্যেক দলকে পূর্বের কাজের অভিজ্ঞতার আলোকে একসেট প্রশ্নপত্র চূড়ান্ত করতে বলবেন;
- সেট চূড়ান্ত করার প্রয়োজনে প্রতিটি দলকে নতুন করে প্রশ্ন প্রণয়ন করতে বলবেন;
- তৈরিকৃত সেটের সঠিক উত্তরের (Answer Key) ছক **(পরিশিষ্ট-ঞ)** পূরণ করতে বলবেন;
- প্রত্যেক দলকে তাঁদের তৈরিকৃত প্রশ্ন সেটের আলোকে নির্দেশক ছক পূরণ করতে বলবেন;
- প্রত্যেক দলকে তাঁদের তৈরিকৃত প্রশ্নপত্র, সঠিক উত্তরের (Answer Key) ছক ও পূরণকৃত নির্দেশক ছক সরবরাহকৃত খামে ভরে জমা দিতে বলবেন। **(প্রতিটি খামের ওপর সংশ্লিষ্ট দলের নাম লিখতে হবে)**

# তৃতীয় দিবস: অধিবেশন ১, ২, ৩ ও ৪
## (০৯:০০-০৫:০০)

| | | |
|---|---|---|
| **প্রশিক্ষণের বিষয়** | : | **বহুনির্বাচনি প্রশ্নপত্র পরিশোধন ও সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো** |
| **শিখনফল** | : | এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ-<br>● এক সেট বহুনির্বাচনি প্রশ্নপত্র পরিশোধন করতে পারবেন;<br>● সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো বর্ণনা করতে পারবেন; |

**প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:** সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, নীরব পাঠ, উপস্থাপনা।
**প্রশিক্ষণ উপকরণ** : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

**তথ্যপত্র**

প্রশ্ন পরিশোধন এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে প্রতিটি প্রশ্ন যথাযথভাবে লিখিত কি না, পরীক্ষার জন্য উপযোগী কি না এবং একটি সুসামঞ্জস্যপূর্ণ অবস্থা প্রশ্নপত্রে অন্তর্ভুক্ত করা যাবে কি না তা যাচাই করা হয়। পরিশোধনের মাধ্যমে প্রশ্ন যাচাই বাছাই করা হয় যাতে সুসমন্বিত ও যথাযথ প্রশ্নপত্র তৈরি করা যায়। পরিশোধন ব্যাতীত প্রশ্নপত্রে দুর্বলভাবে লিখিত প্রশ্ন, একই ধারণা ও বিষয়বস্তুর পুনরাবৃত্তি অথবা সম্পূর্ণভাবে দুর্বোধ্য প্রশ্ন সন্নিবেশিত হতে পারে। পরিশোধন প্রক্রিয়ার মাধ্যমে নিশ্চিত হওয়া যায় যে প্রতিটি প্রশ্ন এবং চূড়ান্তভাবে প্রণীত প্রশ্নপত্র পরীক্ষা নেওয়ার উদ্দেশ্যের সাথে সঙ্গতিপূর্ণ এবং উচ্চ গুণগত মানসম্পন্ন কি না। পরীক্ষার প্রশ্নপত্র নির্দিষ্ট কোনো শিক্ষার্থীদের জন্য পক্ষপাতদুষ্ট হবে না।

**বহুনির্বাচনি প্রশ্নপত্র পরিশোধনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ**

- প্রতিটি প্রশ্ন অবশ্যই কারিকুলামের নির্দেশনার আলোকে বিষয়বস্তু ও দক্ষতা যাচাইয়ের উপযোগী হবে।
- বহুনির্বাচনি প্রশ্নপত্রে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তরের প্রশ্ন অবশ্যই অন্তর্ভুক্ত হতে হবে এবং একটি নির্দেশক ছকে দক্ষতা ও বিষয়বস্তু অনুযায়ী প্রশ্নের/আইটেমের বণ্টন দেখাতে হবে।
- প্রশ্নের উত্তরে ব্যবহৃতব্য যে সকল **তথ্য/সংখ্যা পরিবর্তনশীল** সে সকল তথ্য জানার জন্য প্রশ্ন করা যাবে না।
- বিভিন্ন ধরনের বহুনির্বাচনি প্রশ্ন (সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন, বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন এবং অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন) প্রশ্নপত্রে অন্তর্ভুক্ত হতে হবে।
- বহুনির্বাচনি প্রশ্ন হবে সুস্পষ্টভাবে লিখিত অর্থাৎ শিক্ষার্থীদের মধ্যে অবশ্যই কোনো রকমের অস্পষ্টতা/দ্ব্যর্থকতা সৃষ্টি করবে না।
- একটি বহুনির্বাচনি প্রশ্নে অবশ্যই একটি মাত্র সঠিক উত্তর থাকবে।
- বহুনির্বাচনি প্রশ্নপত্রের প্রতিটি প্রশ্নের উত্তরগুচ্ছে সঠিক উত্তরের ক্রমবিন্যাস এমনভাবে করতে হবে যেন অনুমান করে সঠিক উত্তর প্রদানের সুযোগ হ্রাস পায়।
- প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নে অবশ্যই এমন ৩টি বিক্ষেপক (Distractors) থাকবে যেগুলো শিক্ষার্থীদের নির্বাচন করার সম্ভাবনা থাকবে। প্রতিটি বিকল্প উত্তর অন্তত শতকরা ৫% পরীক্ষার্থীদের নির্বাচন করার সম্ভাবনা থাকতে হবে।
- উদ্দীপকে কোনভাবেই যেন উত্তর/'উত্তর পাওয়ার নির্দেশনা বা ইঙ্গিত' না থাকে।
- সুনির্দিষ্ট শিখনফল অর্জন পরিমাপে প্রতিটি প্রশ্নের উপযোগিতা থাকতে হবে।
- গুরুত্বহীন (Trivial) বিষয় জানার জন্য প্রশ্ন করা যাবে না।
- একটি প্রশ্নপত্রের শুরুতে যেন কঠিন প্রশ্ন না থাকে। একাধিক প্রশ্নপত্র সেট তৈরির ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন প্রশ্নপত্রে প্রশ্নের কাঠিন্যের বিন্যাসে ও অন্যান্য ক্ষেত্রে বিভিন্ন সেটের মধ্যে ভারসাম্য নিশ্চিত হয়।
- সমাজে বা জনগোষ্ঠীর কোন অংশে বিরূপ এবং নেতিবাচক ধারণা সৃষ্টি হতে পারে এমন কোনো প্রশ্ন প্রণয়ন থেকে অবশ্যই বিরত থাকতে হবে।

- পরিশোধকগণ নিশ্চিত করবেন যেন প্রশ্নপত্রের ৭০% জ্ঞান ও অনুধাবন স্তর এবং ৩০% প্রয়োগ ও উচ্চতর দক্ষতা স্তর যাচাই করার উপযোগী হয়।
- ভাষার সঠিকতা, বিশেষ করে  দ্ব্যর্থকতা/অস্পষ্টতা, বানান, যতিচিহ্নের ব্যবহার, পুনরাবৃত্তি ও উপযুক্ত শব্দের ব্যবহার - এসব  বিষয় পরীক্ষা করে দেখা;
- ডায়াগ্রাম, চার্ট, গ্রাফ, সারণি সঠিকভাবে অঙ্কন করা হয়েছে কিনা এবং এগুলোর আলোকে তৈরি প্রশ্নের সাথে সঙ্গতিপূর্ণ কিনা তা  পরীক্ষা  করা;
- প্রশ্নপত্রের সার্বিক ভারসাম্য উপযুক্ত ও সঠিকভাবে বিন্যস্ত কি না, অন্যান্য প্রশ্নের সাথে প্রাবরণ (Overlap) করেছে কি না অথবা বহুনির্বাচনি প্রশ্ন, সৃজনশীল প্রশ্ন ও সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের মধ্যে প্রাবরণ (Overlap) হচ্ছে কি না তা পরীক্ষা করে দেখা।

**সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো**

একটি সৃজনশীল প্রশ্নের শুরুতে একটি নতুন পরিস্থিতিযুক্ত উদ্দীপক এবং উদ্দীপক সংশ্লিষ্ট চারটি প্রশ্ন থাকে। প্রশ্ন চারটি কাঠিন্যের ক্রমানুসারে পর্যায়ক্রমে থাকে। একটি সৃজনশীল প্রশ্ন চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর যাচাই করতে পারে। প্রতিটি সৃজনশীল প্রশ্নের জন্য ১০ নম্বর বরাদ্দ থাকবে।

সৃজনশীল প্রশ্নের প্রথম অংশটি (ক) জ্ঞান স্তরের যা সহজ ও নিতান্তই স্মৃতিনির্ভর। প্রশ্নটি স্মৃতিনির্ভর হলেও তা যেন অর্থবহ এবং শিক্ষণীয় হয়। এ অংশটির জন্য ১ নম্বর বরাদ্দ থাকবে।

সৃজনশীল প্রশ্নের দ্বিতীয় অংশ (খ) হলো অনুধাবন স্তরের প্রশ্ন। এর মাধ্যমে শিক্ষাক্রমের আওতায় পাঠ্যবইয়ের বিষয়বস্তু অনুধাবন করার ক্ষমতা যাচাই করা হয়। পাঠ্যবইয়ে বিভিন্ন ঘটনা বা বিষয়বস্তুর বিবরণ দেওয়া থাকে। এ ধরনের প্রশ্নে সরাসরি পাঠ্যবইয়ের অনুরূপ বিবরণ জানতে চাওয়া হয় না। এক্ষেত্রে শিক্ষার্থীকে বিষয়বস্তু সম্পর্কে ব্যাখ্যা বা বর্ণনা দিতে বলা হয়। প্রশ্নের এ অংশের জন্য ২ নম্বর বরাদ্দ থাকবে।

প্রশ্নের তৃতীয় অংশটি (গ) হলো প্রয়োগ স্তরের প্রশ্ন। সৃজনশীল প্রশ্নের এ অংশটি ভালোমানের নতুন পরিস্থিতিযুক্ত উদ্দীপকের উপর নির্ভরশীল। অর্থাৎ উদ্দীপক যদি খুব মানসম্পন্ন হয় তবে প্রয়োগ দক্ষতার প্রশ্নটি প্রণয়ন করা সম্ভব। এ প্রশ্নের উত্তর প্রদানের জন্য প্রয়োজনীয় তথ্য পাঠ্যবইয়ে থাকবে। পাঠ্যবইয়ের তথ্য এবং এর অনুধাবন উদ্দীপকে বর্ণিত নতুন পরিস্থিতিতে শিক্ষার্থী প্রয়োগ করবে। পাঠ্যবইয়ের বিষয়বস্তু শিক্ষার্থী ভালোভাবে পড়লে সে বিষয়ে তার স্পষ্ট ধারণা হবে এবং সেটা নতুন ক্ষেত্রে শিক্ষার্থীর প্রয়োগ করার ক্ষমতাই প্রয়োগ দক্ষতা। প্রশ্নের এ অংশের জন্য ৩ নম্বর বরাদ্দ থাকবে।

সৃজনশীল প্রশ্নের চতুর্থ অংশটি (ঘ) হচ্ছে উচ্চতর দক্ষতার প্রশ্ন। এ স্তরের প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীর বিচার-বিবেচনা করার দক্ষতা, কোনো বিষয় বা ঘটনা বিশ্লেষণ করার দক্ষতা, সিদ্ধান্ত নেওয়ার দক্ষতা ইত্যাদি যাচাই করা হয়। এ প্রশ্নের উত্তর করার জন্য প্রয়োজনীয় তথ্য পাঠ্যবইয়ে থাকবে এবং সংশ্লিষ্ট তথ্য নতুন পরিস্থিতিতে ব্যবহার করে শিক্ষার্থী তার বিচার-বিশ্লেষণের, সিদ্ধান্ত গ্রহণের ও মূল্যায়নের দক্ষতা প্রকাশের সুযোগ পাবে। প্রশ্নের চতুর্থ অংশটির জন্য ৪ নম্বর বরাদ্দ থাকবে। **[পরিশিষ্ট 'ট' : সৃজনশীল প্রশ্নের নমুনা]**

পরীক্ষা অধিক অর্থবহ এবং শিক্ষাক্রমের উদ্দেশ্যের সাথে সংগতি রাখার ক্ষেত্রে সৃজনশীল প্রশ্নে উদ্দীপক বা নতুন পরিস্থিতি অপরিহার্য। একটি সৃজনশীল প্রশ্নের ক, খ, গ ও ঘ অংশ উদ্দীপকের আলোকে প্রণয়ন করতে হবে।  উদ্দীপক না পড়ে বা না দেখেও প্রশ্নের 'ক' ও 'খ' অংশের উত্তর দেওয়া সম্ভব হতে পারে। তবে উদ্দীপকের সাথে প্রশ্নের 'ক' ও 'খ' অংশের একটি পরোক্ষ যোগসূত্র রয়েছে। যে অধ্যায় বা অধ্যায়সমূহের বিষয়বস্তুর উপর ভিত্তি করে উদ্দীপক তৈরি করা হয় সে অধ্যায় বা অধ্যায়সমূহের বিষয়বস্তুর আলোকেই 'ক' ও 'খ' প্রশ্নসমূহ করা হয়। কিন্তু 'গ' ও 'ঘ' অংশের উত্তর উদ্দীপক বিবেচনায় না এনে করা সম্ভব হবে না। উল্লেখ্য,  একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি পরিহার করতে হবে।

**প্রশিক্ষণ কার্যক্রম**

**কাজ-১: একসেট বহুনির্বাচনি প্রশ্নপত্র পরিশোধন ও উপস্থাপন (২৭০ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- পূর্বের দিনের প্রশ্নপত্রের খামগুলো বিভিন্ন দলের মধ্যে লটারির মাধ্যমে বণ্টন (নিজ দলের খাম ব্যতীত) করে দিবেন;
- প্রতিটি দলকে প্রাপ্ত প্রশ্নপত্র, নির্দেশক ছক ও সঠিক উত্তরের ছক পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- এক সেট যথার্থ প্রশ্নপত্র তৈরির লক্ষ্যে প্রয়োজন হলে নতুন প্রশ্ন প্রণয়ন করতে বলবেন;
- প্রশ্নপত্র, নির্দেশক ছক ও সঠিক উত্তরের ছকের কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন/পরিবর্তন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্নপত্র প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যেকোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

**কাজ-২: সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো ও প্রশ্ন প্রণয়ন (১০৫ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- নীরব পাঠ ও সমবেত আলোচনার মাধ্যমে সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো সম্পর্কিত ধারণা স্পষ্ট করবেন;
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো অনুযায়ী একটি প্রশ্ন তৈরি করতে বলবেন;
- প্রশিক্ষণার্থীগণকে নতুনভাবে ৫টি দলে বিভক্ত করবেন;
- এককভাবে প্রণীত প্রশ্নগুলো দলে আলোচনা করে ১টি প্রশ্ন চূড়ান্ত করে পোস্টারে লিখতে বলবেন;
- তৈরিকৃত পোস্টারগুলো দেয়ালে/বোর্ডে টাঙিয়ে দিতে বলবেন;
- প্রত্যেক দলকে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশিক্ষণার্থীগণের যৌক্তিক মতামতের ভিত্তিতে প্রশ্ন পরিশোধন করতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব পর্যবেক্ষণের আলোকে প্রশ্ন পরিশোধন করে দিবেন।

**তৃতীয় দিবস শেষে বাড়ির কাজ: প্রশিক্ষক প্রত্যেক দলের সদস্যদের মধ্যে সকল অধ্যায় বন্টন করে দিবেন। প্রত্যেক প্রশিক্ষণার্থী তার জন্য বরাদ্দকৃত অধ্যায়/অধ্যায়সমূহ থেকে ২টি সৃজনশীল প্রশ্ন প্রণয়ন করবেন। উল্লেখ্য যে, প্রত্যেক দলকে পরবর্তী দিন সকল অধ্যায়ের সমন্বয়ে এক সেট প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।**

# চতুর্থ দিবস: অধিবেশন ১, ২, ৩ ও ৪
## (০৯:০০-০৫:০০)

| | | |
|---|---|---|
| **প্রশিক্ষণের বিষয়** | : | **নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স) ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্ন প্রণয়ন** |
| **শিখনফল** | : | এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ-<br>● নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স) ও নমুনা উত্তরের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন;<br>● প্রণীত সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর লিখতে পারবেন;<br>● নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স) ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্ন প্রণয়ন করতে পারবেন; |

**প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল :** সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, নীরব পাঠ, উপস্থাপনা।
**প্রশিক্ষণ উপকরণ** : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

**তথ্যপত্র**

**নম্বর প্রদান নির্দেশিকা (Rubrics)**

একটি উত্তরপত্র যদি দু'জন ভিন্ন ভিন্ন পরীক্ষক দ্বারা মূল্যায়ন করা হয় তবে সেই দু'জন পরীক্ষকের প্রদত্ত নম্বরের মাঝে পার্থক্য হওয়ার সম্ভাবনা রয়েছে। কেননা উত্তরপত্র মূল্যায়নের সময় পরীক্ষকের মানসিক গড়ন (বিশ্বাস, মূল্যবোধ, মেজাজ-মর্জি), শারীরিক অবস্থা (সুস্থতা, ক্লান্তি, অবসাদ) এবং পারিপার্শ্বিক পরিবেশ ইত্যাদি প্রভাব বিস্তার করে। এমনকি একজন পরীক্ষক যদি একই উত্তরপত্র ভিন্ন ভিন্ন সময়ে মূল্যায়ন করেন তাহলে সকালে যে নম্বর তিনি দিবেন বিকেলে হয়তো সেই নম্বর নাও দিতে পারেন। নম্বর প্রদানের এই তারতম্য কমিয়ে আনার জন্য নম্বর প্রদান নির্দেশিকা (Rubrics) ব্যবহৃত হয়। Rubrics একটি দাঁড়িপাল্লা (পরিমাপক) স্বরূপ যার মাধ্যমে একজন শিক্ষার্থীর শিখন কতটুকু হয়েছে তা যাচাই করা হয়। Rubrics সাধারণত দু' রকমের- বিশ্লেষণধর্মী (Analytical) এবং সার্বিক (Holistic)।

**সার্বিক (Holistic):** একজন পরীক্ষার্থীর একটি সুনির্দিষ্ট বিষয়বস্তুর উপর লিখিত একটি রচনা বা মৌখিক উপস্থাপনা মূল্যায়নের সময় যদি বিভিন্ন বৈশিষ্ট্য (যেমন : বাক্যগঠন, শব্দচয়ন, উপস্থাপনা) পৃথকভাবে বিবেচনায় না নিয়ে সব বৈশিষ্ট্যগুলো সম্পর্কে একটি সামগ্রিক ধারণার ভিত্তিতে পরীক্ষার্থীর কাজের (Performance) মূল্যায়ন করা হয় তবে তাই হচ্ছে সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা (Holistic Rubrics)। যেমন ১০ নম্বরের একটি রচনায় কখনো একজন পরীক্ষার্থী হয়তো ৮ নম্বর পেয়েছেন। এক্ষেত্রে পরীক্ষক পরীক্ষার্থীর প্রশ্নের উত্তরের থেকে একটি সামগ্রিক ধারণা লাভ করে নম্বর প্রদান করেছেন অর্থাৎ সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা ব্যবহার করেছেন। সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা একজন শিক্ষার্থীর প্রশ্ন সংশ্লিষ্ট বিষয়বস্তুর (content) উপর দখল অথবা নৈপুণ্য/কুশলতা (skill/proficiency) অথবা বোঝার ক্ষমতাকে বিবেচনায় নেয়া হয়। সাধারণত সামষ্টিক মূল্যায়নের (Summative Assessment) সময় Holistic Rubrics ব্যবহৃত হয়।

**বিশ্লেষণধর্মী (Analytical):** একজন পরীক্ষার্থীর একটি সুনির্দিষ্ট বিষয়বস্তুর উপর লিখিত একটি রচনা বা মৌখিক উপস্থাপনা মূল্যায়নের সময় যদি বিভিন্ন বৈশিষ্ট্য (যেমন : বাক্যগঠন, শব্দচয়ন, উপস্থাপনা) পৃথকভাবে বিবেচনায় নিয়ে পরীক্ষার্থীর কাজের (Performance) মূল্যায়ন করা হয় তবে তা হচ্ছে বিশ্লেষণধর্মী নম্বর প্রদান নির্দেশিকা (Analytical Rubrics)। এক্ষেত্রে প্রশ্ন সংশ্লিষ্ট শিখনফল মূল্যায়নের জন্য প্রথমে কয়েকটি বৈশিষ্ট্য নির্ধারণ করা হয় এবং প্রতিটি বৈশিষ্ট্যের কাঠিন্যের ধারাবাহিকতার (degree of difficulty level) আলোকে নম্বর/পয়েন্ট বরাদ্দ করা হয়ে থাকে। পরীক্ষার্থীর কাজকে (Performance) প্রতিটি বৈশিষ্ট্যের আলোকে মূল্যায়ন করা হয়। এতে করে বিভিন্ন বৈশিষ্ট্যের ক্ষেত্রে পরীক্ষার্থী/শিক্ষার্থীর দুর্বলতা চিহ্নিত করে সেই আলোকে তাকে সুনির্দিষ্ট ফিডব্যাক (feedback) দেয়া যায়। যেমন একজন শিক্ষার্থীর লিখিত রচনায় দেখা গেল যে বাক্যগঠনে দুর্বলতা রয়েছে। তাহলে শিক্ষক বুঝবেন যে শিক্ষার্থীকে বাক্যগঠনের উপর ফিডব্যাক দিতে হবে। Analytical Rubrics সাধারণত গঠনমূলক মূল্যায়নে (Formative Assessment) এ ব্যবহৃত হয়। এতে করে শিক্ষার্থীও জানতে পারে কোন কোন বৈশিষ্ট্যের আলোকে তাকে মূল্যায়ন করা হবে এবং সে অনুযায়ী শিক্ষার্থী নিজেকে প্রস্তুত করতে পারে।

শিখনফল Rubrics তৈরির মূল বিবেচ্য বিষয়। যে বৈশিষ্ট্য (Criteria) এর আলোকে শিখনফল অর্জিত হবে সেই বৈশিষ্ট্যসমূহের ব্যাখ্যা (Discriptor) সুস্পষ্ট হতে হবে। একজন শিক্ষার্থী কী লিখলে সর্বোচ্চ নম্বর পাবেন তা Rubrics লেখার সময় প্রথমেই লিখতে হবে। ক্রমান্বয়ে নিচের স্তরের বৈশিষ্ট্যগুলোর ব্যাখ্যা লিখতে হবে।

**শিখনফল:** শিক্ষার্থী শুদ্ধরূপে বিনা বেতনে অধ্যয়নের জন্য একটি দরখাস্ত লিখতে পারবে।

একটি শুদ্ধ দরখাস্তের বৈশিষ্ট্য কী কী হতে পারে তা Rubrics তৈরির সময় বিবেচনা করতে হবে। অর্থাৎ যে বৈশিষ্ট্যের আলোকে দরখাস্ত মূল্যায়ন করা হবে তা Rubrics এর অন্তর্ভুক্ত হতে হবে। এই বৈশিষ্ট্যগুলো প্রকৃতপক্ষে শিখনফলের অংশবিশেষ।

একটি আনুষ্ঠানিক দরখাস্ত মূল্যায়নের সময় সাধারণত নিচের বৈশিষ্ট্যগুলো বিবেচনা করা হয়:

- সঠিক গঠন (corrcet formate)
- শুদ্ধ বানান এবং যতিচিহ্ন (correct spelling and punctuation)
- আনুষ্ঠানিক ভাষা (formal language)
- শুদ্ধ ব্যাকরণের ব্যবহার এবং শব্দ চয়ন (accurate grammar and vocabulary)

আনুষ্ঠানিক দরখাস্তের উপরোক্ত বৈশিষ্ট্য/দিক বিবেচনা করে বিশ্লেষণধর্মী বা সার্বিক মূল্যায়নের রূপকল্প (Analytical/Holistic Rubrics) তৈরি করা যায়।

**সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা (Holistic Rubrics)**

| Score | বর্ণনা (Descriptor) |
|---|---|
| ৩ | গঠন ঠিক আছে, বানান, যতিচিহ্ন, ব্যাকরণ এবং শব্দচয়ন শুদ্ধভাবে ব্যবহৃত হয়েছে; আনুষ্ঠানিক ভাষা (formal language) ব্যবহৃত হয়েছে। |
| ২ | গঠন সাধারণভাবে ঠিকই আছে; বানান, যতিচিহ্ন, ব্যাকরণ এবং শব্দচয়ন অধিকাংশ ক্ষেত্রেই শুদ্ধ আছে; অল্প -কিছু জায়গা ছাড়া আনুষ্ঠানিক ভাষাই ব্যবহৃত হয়েছে। |
| ১ | ভাষা গঠনে ভুল রয়েছে; বানান, যতিচিহ্ন, ব্যাকরণ, শব্দচয়ন অধিকাংশ ক্ষেত্রে ঠিক নেই। সাধু ও চলিত ভাষার বহুল মিশ্রণ এবং অনানুষ্ঠানিক ভাষার (informal language) ব্যবহার হয়েছে। |
| ০ | বানান, যতিচিহ্ন, ব্যাকরণ, শব্দচয়ন, ভাষা গ্রহণযোগ্য নয়/ উত্তর দেয়নি। |

**বিশ্লেষণধর্মী নম্বর প্রদান নির্দেশিকা (Analytical Rubrics)**

| নম্বর স্কোর | গঠন (format) | বানান এবং যতিচিহ্নের ব্যবহার | ভাষা | শব্দচয়ন এবং ব্যাকরণ |
|---|---|---|---|---|
| ৩ | সঠিক গঠন | বানান এবং যতিচিহ্নের সঠিক ব্যবহার হয়েছে | আনুষ্ঠানিক ভাষা ব্যবহার করা হয়েছে | শুদ্ধ শব্দচয়ন এবং ব্যাকরণ অনুসরণ করা হয়েছে |
| ২ | গঠনে কিছুটা ভুল রয়েছে | বানান এবং যতিচিহ্ন অধিকাংশই সঠিক | অধিকাংশ ক্ষেত্রেই আনুষ্ঠানিক ভাষা ব্যবহার করা হয়েছে। | অধিকাংশ ক্ষেত্রেই সঠিক শব্দচয়ন ও ব্যাকরণ অনুসরণ করা হয়েছে। |
| ১ | গঠনে খুব বেশি ভুল হয়েছে | বানান এর ব্যবহার মোটামুটিভাবে ঠিক/শুদ্ধ আছে | ভাষা ব্যবহারে মোটামুটিভাবে আনুষ্ঠানিক | শব্দচয়ন এবং ব্যাকরণ মোটামুটিভাবে ঠিক আছে |
| ০ | সঠিক গঠন নেই/কোনো উত্তর দেয়নি | বানান এবং যতিচিহ্নের ব্যবহারে ভুল রয়েছে। উত্তর দেয়নি। | আনুষ্ঠানিক ভাষার ব্যবহার নেই; উত্তর দেয়নি | শব্দচয়ন ও ব্যাকরণের ব্যবহারে ভুলের মাত্রা ব্যাপক, উত্তর দেয়নি |

উপরের নম্বর প্রদান নির্দেশিকায় এটি স্পষ্টতর প্রতীয়মান যে শিখনফলের চাহিদার আলোকে নম্বর প্রদান নির্দেশিকা (সার্বিক বা বিশ্লেষণধর্মী) তৈরি করতে হচ্ছে। সে সকল বিষয়ের বানান, শব্দচয়ন, বাক্য গঠন ইত্যাদির ওপর চাহিদা থাকে। সেই সকল বিষয়ের নম্বর প্রদান নির্দেশিকায় তার প্রতিফলন থাকতে হবে। যে সকল বিষয়ে বানান, শব্দচয়ন বা বাক্যগঠনের চেয়ে

বিষয়বস্তুর ওপর জোর দেওয়া হয় সে সকল বিষয়ের নম্বর প্রদান নির্দেশিকা তৈরির সময় বিষয়বস্তুর চিন্তার গভীরতার আলোকে নম্বর প্রদান নির্দেশিকা তৈরি করতে হয়।

সৃজনশীল প্রশ্নের উত্তরের জন্য সার্বিক নম্বর প্রদান নির্দেশিকা ব্যবহার করা হয়ে থাকে। সৃজনশীল প্রশ্নপত্রে নম্বর প্রদান নির্দেশিকায় শিখনফলগুলো দক্ষতা স্তরের সাথে সম্পর্কিত। সুতরাং সংশ্লিষ্ট দক্ষতা স্তরের বিপরীতে বিষয়বস্তুর আলোকে শিক্ষার্থীর দক্ষতা চাওয়া হচ্ছে তার পরিপূর্ণ বর্ণনা নম্বর প্রদান নির্দেশিকায় লিখতে হবে।

**সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর**

সৃজনশীল প্রশ্ন প্রণয়নের সময়ে প্রশ্ন প্রণয়নকারীকে সম্ভাব্য নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর (Rubrics and Model answer) তৈরি করতে হবে। [পরিশিষ্ট 'ঠ': সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর]

পরীক্ষার্থীর উত্তর প্রত্যাশিত দক্ষতা স্তরের না হয়ে নিম্নতর দক্ষতা স্তরের হতে পারে সে কারণেই নম্বর প্রদান নির্দেশিকায় আংশিক নম্বর পাওয়ার উপযোগী উত্তর উল্লেখ করা হয়। পরীক্ষার্থী প্রশ্নের অংশ (খ) তে ১ অথবা ২ নম্বর পেতে পারে। (গ) অংশে ৩ অথবা ২ অথবা ১ নম্বর পেতে পারে এবং (ঘ) অংশে ৪ অথবা ৩ অথবা ২ অথবা ১ নম্বর পেতে পারে। ভগ্নাংশ নম্বর দেওয়ার কোনো সুযোগ নেই। লিখিত উত্তর গ্রহণযোগ্য না হলে শূন্য (০) পাবে।

সৃজনশীল প্রশ্নের নমুনা উত্তর প্রস্তুতকরণ প্রশ্ন প্রণয়নকারীকে ত্রুটিমুক্ত প্রশ্ন তৈরিতে সাহায্য করতে পারে। আবার এ নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর পরীক্ষককে নির্ভুল ও নির্ভরযোগ্য নম্বর প্রদানেও নির্দেশনা দেয়। একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি পাওয়া গেলে বুঝা যাবে যে, প্রশ্নটি ত্রুটিমুক্ত নয়। এভাবে প্রশ্নের নমুনা উত্তর লেখা প্রশ্ন প্রণয়নকারীকে প্রশ্ন পরিমার্জনে নির্দেশনা দিয়ে থাকে।

**উত্তর প্রদানে পরীক্ষার্থীদের স্বাধীনতা ও পরীক্ষকগণের নম্বর প্রদান**

প্রশ্নপ্রণয়নকারীর তৈরি নমুনা উত্তর এবং পরীক্ষার্থীর লেখা উত্তর হুবহু একই হবে এমনটা আশা করা যায় না। উত্তর লেখার ক্ষেত্রে পরীক্ষার্থীর শব্দ চয়ন, বাক্যগঠন, বাক্যবিন্যাস এবং উপস্থাপনা কৌশল স্বাভাবিকভাবেই ভিন্নতর হবে। প্রশ্নপ্রণয়নকারীর লেখা নমুনা উত্তরের কোনো বিকল্প সঠিক উত্তরও থাকতে পারে। প্রশ্নপ্রণয়নকারী হয়ত তা চিন্তা করতে পারেন নি কিন্তু পরীক্ষার্থীরা চিন্তা করতে পেরেছে। তাই পরীক্ষার্থীর উত্তর থেকে পরীক্ষককে সিদ্ধান্ত নিতে হবে পরীক্ষার্থীর উত্তর কতটুকু সঠিক এবং সে দক্ষতার কোন স্তরে অবস্থান করছে। পরীক্ষার্থীদের উত্তরপত্র থেকে ধারণা নিয়ে নমুনা উত্তরে সংযোজন, বিয়োজন হতে পারে আবার সরবরাহকৃত নমুনা উত্তরের পাশাপাশি নতুন কোনো উত্তর নমুনা উত্তর হিসাবে আবির্ভূত হতে পারে।

প্রয়োগ বা উচ্চতর চিন্তন দক্ষতা স্তরের প্রশ্নের উত্তর লেখার সময় পরীক্ষার্থী প্রথমে জ্ঞান তারপর অনুধাবন, প্রয়োগ ও উচ্চতর দক্ষতা স্তরের উত্তর লিখবে - এমনটা ভাবা যাবে না। পরীক্ষার্থী জ্ঞান থেকে ক্রমান্বয়ে উচ্চতর দক্ষতা স্তরের উত্তর লিখতে পারে আবার নাও লিখতে পারে। পরীক্ষার্থীর লেখা সার্বিক উত্তর থেকে পরীক্ষক পরীক্ষার্থীর চিন্তার স্তর নির্ণয় করবেন। প্রকৃতপক্ষে উচ্চতর দক্ষতা স্তরের উত্তরের মধ্যে নিম্নতর স্তরের চিন্তন দক্ষতা অন্তর্নিহিত থাকে।

পরীক্ষার্থীরা ইচ্ছা অনুযায়ী একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর আগে বা পরে লিখতে পারবে। আবার তারা কোনো একটি সৃজনশীল প্রশ্নের কোনো অংশ লিখে আর একটি প্রশ্নের কোনো অংশ লিখতে পারে। যেমন- কোনো একটি প্রশ্নের (ক) অংশের উত্তর লিখে অন্য কোনো প্রশ্নের উত্তর দিতে পারে এবং পরে পূর্বের প্রশ্নটির (খ) অংশের উত্তর দিতে পারে। এ ধরনের ক্ষেত্রে শিক্ষার্থীকে সতর্কতার সাথে প্রশ্নের ক্রমিক নম্বর এবং অংশ শনাক্তকরণ বর্ণটি (ক, খ, গ, ঘ) সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

তাহলে প্রশ্ন আসতে পারে যে, নমুনা উত্তরের প্রয়োজন কী? নমুনা উত্তর লেখার ফলে সংশ্লিষ্ট প্রশ্নপ্রণয়নকারী এবং পরিমার্জনকারীগণ প্রশ্নের ভুলত্রুটি চিহ্নিত ও সংশোধনের সুযোগ পান। এছাড়াও পরীক্ষক উত্তরপত্র মূল্যায়নের একটি নির্দেশনা পান; এর ফলে নম্বর প্রদানে অনাকাঙ্ক্ষিত প্রভাব হ্রাস পায়।

সৃজনশীল প্রশ্ন প্রণয়নের সময়ে প্রশ্ন প্রণয়নকারীকে সম্ভাব্য নমুনা উত্তর (Model Answer) তৈরি করতে হবে। নমুনা উত্তর প্রশ্ন প্রণয়নকারীকে ত্রুটিমুক্ত প্রশ্ন তৈরিতে সাহায্য করতে পারে। একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি পাওয়া গেলে বুঝা যাবে যে, প্রশ্নটি ত্রুটিমুক্ত নয়।

**উল্লেখ্য, নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর শুধু পরীক্ষক/শিক্ষকবৃন্দের ব্যবহারের জন্য। এটি শিক্ষার্থী/পরীক্ষার্থীদের অনুসরণ/ব্যবহারের জন্য নয়।**

**প্রশিক্ষণ কার্যক্রম**

**কাজ-১: নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স)ও নমুনা উত্তরসহ একটি সৃজনশীল প্রশ্ন প্রণয়ন, পরিশোধন ও উপস্থাপন (২১০ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক -**

- নম্বর প্রদান নির্দেশিকার (রুব্রিক্স) ও নমুনা উত্তরের ধারণা ও গুরুত্ব সম্পর্কিত তথ্যপত্রের সংশ্লিষ্ট অংশটুকু নীরবে পাঠ করতে বলবেন;
- নীরব পাঠ শেষে প্রশ্নোত্তর ও সমবেত আলোচনার মাধ্যমে ধারণা স্পষ্ট করবেন;
- প্রয়োজনে তথ্যপত্রের সহায়তা নিবেন;
- প্রত্যেককে বাড়ির কাজে প্রণীত ২টি প্রশ্নের যে কোনো ১টির রুব্রিক্স ও নমুনা উত্তর লিখতে বলবেন;
- প্রশিক্ষণার্থীগণকে দলে বসে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নটি নিয়ে আলোচনা করতে বলবেন;
- দলগত ঐকমত্যের ভিত্তিতে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ ১টি সৃজনশীল প্রশ্ন চূড়ান্ত করে পোষ্টার/ মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপিত কাজের উপর অন্য প্রশিক্ষণার্থীগণকে মতামত দিতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব মতামতের মাধ্যমে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নটি সংশোধন করে দিবেন।

**কাজ-২: একসেট সৃজনশীল প্রশ্ন চুড়ান্তকরণ (১৬৫ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- পূর্বের কাজের অভিজ্ঞতার ভিত্তিতে প্রত্যেককে বাড়ির কাজে প্রণীত অবশিষ্ট প্রশ্নটির রুব্রিক্স ও নমুনা উত্তর লিখতে বলবেন;
- দলে বসে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ দলের সবগুলো সৃজনশীল প্রশ্ন আলোচনা করে পূর্বের অভিজ্ঞতার ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন করতে বলবেন;
- দলগত ঐকমত্যের ভিত্তিতে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ ১ সেট সৃজনশীল প্রশ্ন চূড়ান্ত করে খামে ভরে জমা দিতে বলবেন। **(প্রতিটি খামের ওপর সংশ্লিষ্ট দলের নাম লিখতে হবে)**

## পঞ্চম দিবস: অধিবেশন ১, ২, ৩ ও ৪

| | | |
|---|---|---|
| **প্রশিক্ষণের বিষয়** | : | **নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন** |
| **শিখনফল** | : | এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ-<br>● নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তরসহ এক সেট সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন করতে পারবেন। |

**প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:** সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, নীরব পাঠ, উপস্থাপনা।
**প্রশিক্ষণ উপকরণ** : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

**তথ্যপত্র**

সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন একটি সময় সাপেক্ষ এবং শ্রমসাধ্য কাজ। একটি মানসম্মত সৃজনশীল প্রশ্ন পত্রের জন্য সৃজনশীল প্রশ্ন প্রণয়ন যথাযথ উপায়ে করতে হবে। শিক্ষার্থীদের সৃজনশীল পরীক্ষা পদ্ধতির সাথে অভ্যস্ত করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের শিখন-শেখানো প্রক্রিয়া এবং অভ্যন্তরীণ পরীক্ষায় বহুনির্বাচনি প্রশ্ন ও সৃজনশীল প্রশ্ন ব্যবহার করতে হবে।

**সৃজনশীল প্রশ্ন প্রণয়ন ও পরিশোধনে নিচের নির্দেশনাসমূহ অনুসরণে সচেষ্ট হতে হবে-**

- যে বিষয়বস্তুকে নিয়ে প্রশ্ন করবেন তা শিক্ষাক্রমের অন্তর্ভুক্ত হতে হবে।
- গুরুত্বহীন (Trivial) বিষয় জানার জন্য প্রশ্ন করা যাবে না।
- প্রশ্নের শুরুতে একটি মৌলিক, আকর্ষণীয় ও সংক্ষিপ্ত উদ্দীপক তৈরি করতে হবে। উদ্দীপক পাঠ্যপুস্তক থেকে সরাসরি নেওয়া যাবে না। তবে উদ্দীপক অবশ্যই শিক্ষাক্রম/সিলেবাস/পাঠ্যপুস্তকের কোনো বিষয়বস্তুর আলোকে প্রণীত হতে হবে।
- উদ্দীপকে বর্ণিত বিষয়স্তুর আলোকেই চারটি প্রশ্ন (ক, খ, গ এবং ঘ অংশ) তৈরি করতে হবে।
- উদ্দীপকে কোনো প্রশ্নের উত্তর থাকবে না। বরং উদ্দীপক শিক্ষার্থীকে বিভিন্নভাবে চিন্তা করতে উৎসাহিত করবে।
- উদ্দীপক বিবেচনায় না রেখে 'ক' ও 'খ' অংশের উত্তর দেওয়া সম্ভব হতে পারে।
- উদ্দীপক বিবেচনায় না রেখে 'গ' ও 'ঘ' অংশের উত্তর দেওয়া সম্ভব হবে না।
- একটি সৃজনশীল প্রশ্নের প্রতিটি অংশ তার সাথে সংশ্লিষ্ট দক্ষতা পরিমাপের উপযোগী হতে হবে।
- একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশ ('ক', 'খ', 'গ' ও 'ঘ' অংশ) উদ্দীপকের আলোকে গঠিত হলেও অংশসমূহ সংশ্লিষ্ট দক্ষতা পরিমাপের উপযোগী নাও হতে পারে। এ ক্ষেত্রে উদ্দীপক/প্রশ্ন সংশোধনের প্রয়োজন হয়।
- একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশ ('ক', 'খ', 'গ' ও 'ঘ' অংশ) এমনভাবে প্রণয়ন করতে হবে যেন বিভিন্ন অংশের উত্তরে পুনরাবৃত্তি না ঘটে।
- একটি সৃজনশীল প্রশ্নপত্র এমনভাবে প্রণয়ন করতে হবে যেন প্রশ্নপত্রের বিভিন্ন প্রশ্নের বিভিন্ন অংশের উত্তরের পুনরাবৃত্তি না ঘটে।
- একটি সৃজনশীল প্রশ্নের বিভিন্ন অংশের পূর্ণ বা আংশিক উত্তরে (পূর্ণ বা আংশিক উত্তর বিভিন্নভাবে লেখা যেতে পারে) নম্বর প্রদান কী হবে তা প্রশ্ন প্রণয়নের সময় আগাম বিবেচনা করে নম্বর প্রদান নির্দেশিকা ঠিক করে নিতে হয়।
- সৃজনশীল প্রশ্নের কোনো অংশের উত্তর প্রদানের জন্য প্রয়োজনীয় জ্ঞান অর্থাৎ তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি অবশ্যই শিক্ষাক্রমের আলোকে পাঠ্যপুস্তকে থাকতে হবে।
- সৃজনশীল প্রশ্ন তৈরির সময়ে কিছু ত্রুটি দৃষ্টিগোচর নাও হতে পারে। সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর তৈরি করার সময়ে প্রশ্নের সবলতা ও দুর্বলতা (ত্রুটি-বিচ্যুতি) দৃশ্যমান হবে এবং এর ভিত্তিতে প্রশ্ন সংশোধন করতে হবে।

**প্রশিক্ষণ কার্যক্রম**

**কাজ-১: সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন ও উপস্থাপন (১৩০ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- পূর্বের দিনের প্রশ্নপত্রের খামগুলো বিভিন্ন দলের মধ্যে লটারির মাধ্যমে বন্টন (নিজ দলের খাম ব্যতীত) করে দিবেন;
- প্রতিটি দলকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ প্রাপ্ত সৃজনশীল প্রশ্নপত্র থেকে ১টি প্রশ্ন পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সৃজনশীল প্রশ্নটির কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্ন প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যে কোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

**কাজ-২: একসেট সৃজনশীল প্রশ্নপত্র পরিশোধন ও উপস্থাপন (২৪৫ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- পূর্বের অভিজ্ঞতার আলোকে প্রতিটি দলকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সেটের অবশিষ্ট সৃজনশীল প্রশ্নগুলো পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- এক সেট যথার্থ প্রশ্নপত্র তৈরির লক্ষ্যে প্রয়োজন হলে নতুন প্রশ্ন প্রণয়ন করতে বলবেন;
- রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সেটের অবশিষ্ট সৃজনশীল প্রশ্নে কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্নপত্র প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যে কোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

**পঞ্চম দিবস শেষে বাড়ির কাজ:**

**প্রশিক্ষক প্রত্যেক দলের সদস্যদের মধ্যে সকল অধ্যায় বন্টন করে দিবেন। প্রত্যেক প্রশিক্ষণার্থী তার জন্য বরাদ্দকৃত অধ্যায়/অধ্যায়সমূহ থেকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ ৪টি সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন প্রণয়ন করবেন। উল্লেখ্য যে, প্রত্যেক দলকে পরবর্তী দিন সকল অধ্যায়ের সমন্বয়ে এক সেট (১৫টি প্রশ্নের সমন্বয়ে) প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।**

## ষষ্ঠ দিবস: অধিবেশন ১,২,৩ ও ৪
## (০৯:০০-০৫:০০)

| | |
|---|---|
| **প্রশিক্ষণের বিষয়** : | **সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের গঠন কাঠামো, প্রশ্ন প্রণয়ন এবং পরিশোধন** |
| **শিখনফল** : | এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ-<br>• সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের গঠন কাঠামো ব্যাখ্যা করতে পারবেন;<br>• রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন প্রণয়ন এবং পরিশোধন করতে পারবেন। |

**প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:** সমবেত আলোচনা, একক কাজ, দলগত কাজ, নীরব পাঠ, উপস্থাপনা।
**প্রশিক্ষণ উপকরণ** : পোস্টার পেপার, মার্কার, মাস্কিং টেপ, সাইন পেন ইত্যাদি।

**তথ্যপত্র**

এসএসসি/সমমান ও দাখিল পরীক্ষার প্রশ্নের ধরন ও মানবন্টন বিষয়ে এনসিটিবি ২০২৫ সালে একটি নতুন নির্দেশনা জারী করে। নির্দেশনা অনুযায়ী বিভিন্ন বিষয়ে বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্নের পাশাপাশি সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন এবং বর্ণনামূলক প্রশ্ন পরীক্ষায় অন্তর্ভুক্ত হবে। হিসাববিজ্ঞানের ক্ষেত্রে ২০ নম্বরের একটি আর্থিক বিবরণী প্রস্তুতকরণের প্রশ্ন অন্তর্ভুক্ত করা হয়েছে। বিষয়ভিত্তিক প্রশ্নের ধরন ও নম্বর বিভাজন নিম্নরূপ-

| বিষয় | বর্ণনামূলক প্রশ্ন |
|---|---|
| বাংলা ১ম পত্র<br>(এসএসসি/সমমান) | • মোট বরাদ্দকৃত নম্বর ২০<br>• সহপাঠ থেকে ৪টি প্রশ্ন থাকবে<br>• উপন্যাস থেকে ২টি, নাটক থেকে ২টি<br>• উপন্যাস থেকে ১টি, নাটক থেকে ১টি প্রশ্নের উত্তর লিখতে হবে<br>• প্রতিটি প্রশ্নের মোট নম্বর ১০<br>• প্রতি প্রশ্নের ২টি অংশ, ক অংশের জন্য ৩ এবং খ অংশের জন্য ৭ নম্বর<br>*****২০২৬ সালেরএসএসসি পরীক্ষায় শুধু উপন্যাস থেকে ৪টি প্রশ্ন থাকবে*** |

| বিষয় | সংক্ষিপ্ত-প্রশ্ন উত্তর |
|---|---|
| **এসএসসি/সমমান এবং দাখিল পর্যায়**<br>গণিত, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, পৌরনীতি ও নাগরিকতা<br>**শুধু এসএসসি/সমমান পর্যায়**<br>বিজ্ঞান, বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, অর্থনীতি, ভূগোল ও পরিবেশ, ব্যবসায় উদ্যোগ, ফিন্যান্স ও ব্যাংকিং, ইসলাম শিক্ষা, হিন্দুধর্ম শিক্ষা, বৌদ্ধধর্ম শিক্ষা, খ্রীষ্টধর্ম শিক্ষা<br>**শুধু দাখিল পর্যায়**<br>বাংলা ১ম পত্র, ইসলামের ইতিহাস | • মোট বরাদ্দকৃত নম্বর ২০<br>• মোট ১৫টি প্রশ্ন থাকবে<br>• যেকোনো ১০টি প্রশ্নের উত্তর লিখতে হবে<br>• প্রতিটি প্রশ্নের জন্য ২ নম্বর বরাদ্দ থাকবে |
| **এসএসসি/সমমান এবং দাখিল পর্যায়**<br>পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, কৃষিশিক্ষা, উচ্চতর গণিত, গার্হস্থ্যবিজ্ঞান | • মোট বরাদ্দকৃত নম্বর ১০<br>• মোট ৭টি প্রশ্ন থাকবে<br>• যেকোনো ৫টি প্রশ্নের উত্তর লিখতে হবে<br>• প্রতিটি প্রশ্নের জন্য ২ নম্বর বরাদ্দ থাকবে |

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন প্রণয়নে বিবেচ্য বিষয়

**১. শিখনফল:** প্রতিটি প্রশ্ন অবশ্যই শিখনফলের আলোকে হতে হবে। সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন প্রণয়নের ক্ষেত্রে প্রশ্নটি যেন শিখনফল সংশ্লিষ্ট উপযুক্ত দক্ষতা স্তর ও বিষয়বস্তুর গভীরতাকে পরিমাপ করতে পারে তা নিশ্চিত করতে হবে।

**২. দক্ষতা স্তর:** সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের ক্ষেত্রে অনুধাবন বা ব্যাখ্যা করার সক্ষমতা এবং প্রয়োগ করার সক্ষমতা যাচাই করতে হবে। প্রশ্নটি যেন সংশ্লিষ্ট দক্ষতা স্তর মূল্যায়নের উপযোগী হয় তা নিশ্চিত করতে হবে। প্রয়োগ দক্ষতা যাচাই করার জন্য সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন প্রণয়ন করতে চাইলে প্রশ্নে ১/২ বাক্যে পরিস্থিতি তৈরি করতে হবে। তবে প্রয়োজন হলে কিছু ক্ষেত্রে জ্ঞান দক্ষতা বা স্মরণ করার সক্ষমতা যাচাইয়ের জন্যও সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন করা যেতে পারে। তবে এটি সংশ্লিষ্ট বিষয়ের প্রকৃতির ওপর নির্ভর করে।

**৩. সময় ও উত্তরের পরিধি:** সংক্ষিপ্ত উত্তর প্রশ্নটি এমন হতে হবে যাতে ৩ থেকে ৪ মিনিটের মধ্যে শিক্ষার্থী প্রশ্নটির উত্তর লিখতে পারে। উত্তরের পরিধি বিবেচনায় এই ধরনের প্রশ্নের প্রত্যাশিত উত্তর ৫ বাক্যের অধিক হওয়া উচিত নয়। গণিত, উচ্চতর গণিত বা হিসাববিজ্ঞানের মতো বিষয়ে গাণিতিক সমস্যা সমাধানের প্রত্যাশিত নমুনা উত্তরে ২টির অধিক ধাপ (Stepping) বিবেচনা করা যাবে না।

**৪. রুব্রিক্স ও নমুনা উত্তর:** প্রশ্ন তৈরির সময়ই সম্ভাব্য রুব্রিক্স ও নমুনা উত্তর বিবেচনা করতে হবে। এর ফলে প্রশ্নটির প্রত্যাশিত দক্ষতাস্তর, সময় ও উত্তরের পরিধির সাথে প্রশ্নটি কতটা সামঞ্জস্যপূর্ণ তা আরও দৃশ্যমান হয় এবং কী কী সংশোধন করা প্রয়োজন তা স্পষ্টভাবে বোঝা যায়। **[সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের উদাহরণ: পরিশিষ্ট-ড এবং রুব্রিক্স ও নমুনা উত্তরসহ সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন: পরিশিষ্ট-'ঢ']**

**প্রশিক্ষণ কার্যক্রম**

**কাজ-১: সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের গঠন কাঠামো ও প্রশ্ন প্রণয়নে বিবেচ্য বিষয়সমূহ। (৪৫মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক-**

- তথ্যপত্রটি নীরবে পাঠ করতে বলবেন;
- প্রশ্নোত্তর ও সমবেত আলোচনার মাধ্যমে এসএসসি/সমমান ও দাখিল পরীক্ষার প্রশ্নের ধরন ও মানবন্টন বিষয়ে এনসিটিবির নতুন পরিপত্র সম্পর্কে প্রশিক্ষণার্থীদের ধারণা স্পষ্ট করবেন;
- সংক্ষিপ্ত উত্তর ও প্রশ্নের গঠন কাঠামো সম্পর্কে প্রশিক্ষণার্থীদের কোনো প্রশ্ন থাকলে তা উপস্থাপন করতে বলবেন;
- প্রশ্নোত্তর ও সমবেত আলোচনার মাধ্যমে সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের গঠন কাঠামো ও প্রশ্ন প্রণয়নে বিবেচ্য বিষয় সম্পর্কে প্রশিক্ষণার্থীদের ধারণা স্পষ্ট করবেন;
- প্রয়োজনে তথ্যপত্রের সহায়তা নিবেন।

**কাজ-২: সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন প্রণয়ন, উপস্থাপন ও পরিশোধন। (৭৫ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক**

- পূর্বে গঠিত দলে বসে বাড়ির কাজে প্রণীত সংক্ষিপ্ত উত্তর প্রশ্নগুলো নিয়ে আলোচনা করে প্রয়োজনীয় সংশোধন করতে বলবেন;
- প্রতি দল থেকে ঐকমত্যের ভিত্তিতে ১টি সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন চূড়ান্ত করে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ পোস্টার তৈরি করতে বলবেন;
- প্রত্যেক দলকে পর্যায়ক্রমে তাদের কাজ উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশিক্ষণার্থীগণের যৌক্তিক মতামতের ভিত্তিতে প্রশ্ন পরিমার্জন করতে বলবেন;
- প্রয়োজনে নিজস্ব পর্যবেক্ষণের আলোকে প্রশ্ন পরিমার্জন করে দিবেন।

**কাজ-৩: একসেট সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন চূড়ান্তকরণ (৭৫ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- পূর্বের অভিজ্ঞতার আলোকে প্রতিটি দলকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ অবশিষ্ট প্রশ্নগুলো পরিশোধন করে সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের ১টি সেট তৈরি করতে বলবেন;
- দলে বসে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ দলের সবগুলো প্রশ্ন আলোচনা করে পূর্বের অভিজ্ঞতার ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন করতে বলবেন;
- দলগত ঐকমত্যের ভিত্তিতে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ ১ সেট সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন চূড়ান্ত করে খামে ভরে জমা দিতে বলবেন। (প্রতিটি খামের ওপর সংশ্লিষ্ট দলের নাম লিখতে হবে)

**কাজ-৪: একসেট সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন পরিশোধন (১৮০ মিনিট)**

**এ কাজ সম্পাদনে প্রশিক্ষক–**

- প্রশ্নপত্রের খামগুলো বিভিন্ন দলের মধ্যে লটারির মাধ্যমে বণ্টন (নিজ দলের খাম ব্যতীত) করে দিবেন;
- প্রতিটি দলকে রুব্রিক্স ও নমুনা উত্তরসহ প্রাপ্ত সংক্ষিপ্ত উত্তর প্রশ্নপত্রটি পরিশোধন করতে বলবেন;
- পরিশোধনের সময় তথ্যপত্রের বিষয়গুলো বিবেচনা করতে বলবেন;
- পরিশোধনের বিষয়গুলো নোট রাখতে বলবেন;
- রুব্রিক্স ও নমুনা উত্তরসহ প্রশ্নপত্রটির কোন কোন ক্ষেত্রে কী কী পরিশোধন করা হয়েছে তা যুক্তিসহ প্রত্যেক দলকে পোস্টারে/মাল্টিমিডিয়ায় উপস্থাপন করতে বলবেন;
- উপস্থাপনের সময় প্রশ্ন প্রণয়নকারী দলকে পরিশোধন বিষয়ে মতামত প্রদান করতে বলবেন;
- পরিশোধনের বিষয়ে যে কোনো সিদ্ধান্ত ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করবেন।

# পরিশিষ্ট

**পরিশিষ্ট: 'ক'**

## শিক্ষাক্রম অনুযায়ী ষষ্ঠ-দ্বাদশ শ্রেণির শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য

**লক্ষ্য**

শিক্ষার্থীর সার্বিক বিকাশের মাধ্যমে মানবিক, সামাজিক ও নৈতিক গুণসম্পন্ন জ্ঞানী, দক্ষ, যুক্তিবাদী ও সৃজনশীল দেশপ্রেমিক জনসম্পদ সৃষ্টি।

**উদ্দেশ্য**

১. শিক্ষার্থীর সুপ্ত প্রতিভা ও সম্ভাবনা বিকাশের মাধ্যমে সৃজনশীলতা, কল্পনা ও অনুসন্ধিৎসা বৃদ্ধিতে সহায়তা করা।

২. শিক্ষার্থীর মধ্যে মানবিক গুণাবলি, যেমন- নৈতিক মূল্যবোধ, সততা, অধ্যবসায়, সহিষ্ণুতা, শৃঙ্খলা, আত্মবিশ্বাস, সদাচার, অন্যের প্রতি শ্রদ্ধাবোধ, নান্দনিকতাবোধ, সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও ন্যায়বিচারবোধ সুদৃঢ়ভাবে গ্রথিত করা।

৩. মহান ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের চেতনা ও অসাম্প্রদায়িক মূল্যবোধের আলোকে শিক্ষার্থীর মধ্যে দেশপ্রেম, জাতীয়তাবোধ ও গণতান্ত্রিক মূল্যবোধ জাগ্রত করা এবং সম্ভাবনাময় নাগরিক হিসাবে বেড়ে উঠতে সহায়তা করা।

৪. শিক্ষার্থীর মধ্যে বাংলাদেশ সম্পর্কে সুসংহত জ্ঞানের ভিত রচনা তথা এর ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, আর্থ-সামাজিক ও গণতান্ত্রিক রাজনৈতিক চর্চার প্রতি আগ্রহ ও যোগ্যতা সৃষ্টির মাধ্যমে বৈশ্বিক প্রেক্ষাপটে দেশের প্রগতি ও উন্নয়নে অবদান রাখতে সক্ষম করে গড়ে তোলা।

৫. শ্রমের মর্যাদা, কাজের অভ্যাস ও কাজ করতে আগ্রহী হওয়ার প্রতি ইতিবাচক মনোভাব বিকশিত করা যাতে শিক্ষার্থী ব্যক্তিগত এবং দলগত উভয় ধরনের কাজ সম্পাদনে নৈতিকতা ও দায়িত্বশীলতার পরিচয় দিতে পারে।

৬. সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগ রক্ষায় শিক্ষার্থীর প্রমিত বাংলা ভাষার দক্ষতা সুদৃঢ় ও সুসংহত করা এবং নিয়মিত পাঠাভ্যাস গড়ে তোলা।

৭. বাংলা সাহিত্যের অন্তর্নিহিত নান্দনিক সৌন্দর্য, শৃঙ্খলা এবং সখ্য উপভোগ ও উদঘাটনে শিক্ষার্থীর যোগ্যতা বিকশিত করা।

৮. আধুনিক কর্মক্ষেত্র, উচ্চশিক্ষাসহ সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগের প্রয়োজনে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতাসমূহ অর্জনের মাধ্যমে শিক্ষার্থীকে যোগ্য করে গড়ে তোলা।

৯. শিক্ষার্থীকে গাণিতিক যুক্তি, পদ্ধতি ও দক্ষতার সাথে পরিচিত করানো এবং জীবন ঘনিষ্ঠ ও বিশ্বের পারিপার্শ্বিক সমস্যা সমাধানের জন্য গণিতের প্রায়োগিক দক্ষতা বিকশিত করা।

১০. শিক্ষার্থীকে প্রযুক্তির প্রতি আগ্রহী করে তোলা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে আত্মবিশ্বাসী, উৎপাদনশীল এবং সৃজনশীল হিসাবে তৈরি করা।

১১. শিক্ষার্থী যাতে জীবনমান উন্নয়নের জন্য জীবন ঘনিষ্ঠ বিভিন্ন সমস্যা অনুসন্ধান ও সমাধানে বৈজ্ঞানিক প্রক্রিয়া ও পদ্ধতি প্রয়োগ করতে পারে সে লক্ষ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ও যোগ্যতা অর্জনে সহায়তা করা।

১২. দেশে এবং বহির্বিশ্বের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ এবং জলবায়ুর পরিবর্তনের উপর গুরুত্বারোপ করে পরিবেশগত উপাদান সম্পর্কে শিক্ষার্থীদের পরিচিত করা। একই সাথে সংশিষ্ট সকলের কল্যাণের জন্য ঐ সকল উপাদানকে নিয়ন্ত্রণ ও ব্যবহার করার যোগ্যতা অর্জনে সহায়তা করা।

১৩. খাদ্য ও পুষ্টি, শারীরিক সক্ষমতা, রোগ-ব্যাধি, প্রজনন স্বাস্থ্য এবং ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদির উপর গুরুত্বারোপ করে শিক্ষার্থীকে স্বাস্থ্যসম্মত জীবনযাপনের প্রয়োজনীয় জ্ঞান, জীবন দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সহায়তা করা।

১৪. শিক্ষার্থীর মনে নিজ নিজ ধর্মীয় বিশ্বাস ও মূল্যবোধ জাগ্রত করার পাশাপাশি অন্য ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধাশীল হতে সহায়তা করা।

১৫. শিক্ষার্থীর মধ্যে বাঙালি এবং ক্ষুদ্র জাতি-গোষ্ঠীর নারী-পুরুষ, বর্ণ, গোত্র, ভাষা, সংস্কৃতি, বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষের প্রতি ভ্রাতৃত্ব ও শ্রদ্ধাবোধ সৃষ্টি করা।

১৬. শিক্ষার্থীর দৈহিক ও মানসিক বিকাশের লক্ষ্যে সহশিক্ষাক্রমিক কার্যাবলি- খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক কর্মকান্ড, চারু ও কারুকলা অনুশীলনের নিয়মিত অভ্যাস গড়ে তোলা।

১৭. জীবনব্যাপী শিক্ষায় আগ্রহী ও যোগ্য করার জন্য শিক্ষার্থীর ব্যক্তিগত ও সামাজিক জীবন, আধুনিক কর্মক্ষেত্র এবং স্ব-কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি সুদৃঢ় করা।

১৮. সহযোগিতামূলক কাজ করার মাধ্যমে শিক্ষার্থীর নেতৃত্ব, সহযোগিতা ও যোগাযোগ দক্ষতা বিকাশে সক্ষম করা।

পরিশিষ্ট: 'খ-১'

# বিষয় : হিন্দুধর্ম শিক্ষা
# বিষয় কোড : ১১২

## বিষয়ভিত্তিক উদ্দেশ্য:

১. স্রষ্টা, সৃষ্টির সম্পর্ক এবং স্রষ্টার স্বরূপ অনুধাবন করা এবং স্রষ্টার প্রতি বিশ্বাস স্থাপন করে তাঁর উপাসনা করা।

২. সবকিছুর মূলে স্রষ্টার অস্তিত্ব উপলব্ধির মাধ্যমে সৃষ্টির সেবা করার মানসিকতা অর্জন করা।

৩. হিন্দুধর্মের স্বরূপ, উৎপত্তি, বৈশিষ্ট্য, সমৃদ্ধ ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে অবহিত হওয়া এবং নৈতিক ও সামাজিক জীবনে-এর প্রভাব ও ভূমিকা ব্যাখ্যা করতে পারা।

৪. হিন্দুধর্মাদর্শের অনুসরণে উদারতা, কর্তব্যনিষ্ঠা, সৎসাহস, সংযম ও সহনশীলতা, পরমতসহিষ্ণুতা, নারীর প্রতি মর্যাদাবোধ প্রভৃতি নৈতিক গুণাবলি অর্জন করা।

৫. দেব-দেবীর পরিচয়, পূজার উদ্দেশ্য ও পদ্ধতি সম্পর্কে জানা এবং অর্জিত শিক্ষাকে নিজ জীবনে প্রয়োগ করা।

৬. নিত্যকর্ম ও যোগাসন পদ্ধতি অনুশীলনের মাধ্যমে শারীরিক ও মানসিক শক্তি অর্জন করা এবং ধর্মসম্মত জীবন-যাপনে উদ্বুদ্ধ হওয়া।

৭. হিন্দুধর্মগ্রন্থসমূহে বিধৃত জীবনাদর্শ, উপাখ্যান, অবতার-মহাপুরুষ-মহীয়সীনারীদের জীবনচরিত, বাণী সম্পর্কে জ্ঞান লাভের মাধ্যমে নৈতিক গুণাবলি অর্জন করা।

পরিশিষ্ট : 'খ-২'

# মাধ্যমিক স্তরের কারিকুলাম অনুযায়ী বিষয়বস্তু ও শিখনফল

## বিষয় : হিন্দুধর্ম শিক্ষা বিষয় কোড : ১১২

**প্রথম অধ্যায় : স্রষ্টা ও সৃষ্টি**

**পরিচ্ছেদ ১.১ : স্রষ্টার স্বরূপ ও উপাসনা**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. নিরাকার ব্রহ্ম, ঈশ্বর, ভগবান ও অবতার রূপে স্রষ্টার স্বরূপ ব্যাখ্যা করতে পারবে।<br>২. স্রষ্টার সাথে সৃষ্টির সম্পর্ক ও সৃষ্টির মধ্যে শৃঙ্খলা প্রতিষ্ঠায় স্রষ্টার ভূমিকা বিশ্লেষণ করতে পারবে।<br>৩. দেব-দেবী ঈশ্বরের বিভিন্ন গুণ ও শক্তির প্রকাশ এ ধারণাটি ব্যাখ্যা করতে পারবে।<br>৪. ঈশ্বর উপাসনার ধারণা, ধরন (নিরাকার ও সাকার) ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে।<br>৫. ঈশ্বর উপাসনার একটি মন্ত্র বা শ্লোক আবৃত্তি করতে পারবে এবং এর অর্থ বলতে ও এর শিক্ষা ব্যাখ্যা করতে পারবে।<br>৬. ঈশ্বর ও দেব-দেবীর প্রতি প্রার্থনার একটি মন্ত্র বা শ্লোক আবৃত্তি করতে পারবে এবং এর অর্থ বলতে ও এর শিক্ষা ব্যাখ্যা করতে পারবে।<br>**মনোপেশিজ**<br>৭. ঈশ্বরের উদ্দেশ্যে উপাসনা ও প্রার্থনা মন্ত্র বা শ্লোক অনুশীলন করতে পারবে।<br>**আবেগীয়**<br>৮. ঈশ্বরের প্রতি অবিচল বিশ্বাস স্থাপন করতে পারবে এবং ঈশ্বরের উপাসনায় উদ্বুদ্ধ হবে। | • **স্রষ্টার স্বরূপ**<br>○ ব্রহ্ম, ঈশ্বর, ভগবান ও অবতার<br>○ স্রষ্টা ও সৃষ্টির সম্পর্ক<br>• সৃষ্টির মধ্যে শৃঙ্খলা প্রতিষ্ঠায় স্রষ্টার ভূমিকা<br>• ঈশ্বরের গুণ ও শক্তি: দেব-দেবী<br>• **উপাসনা-**<br>○ উপাসনার ধারণা ও প্রয়োজনীয়তা<br>○ ঈশ্বর উপাসনার একটি মন্ত্র বা শ্লোক, অর্থ ও এর শিক্ষা<br>○ প্রার্থনা মন্ত্র বা শ্লোক, অর্থ ও এর শিক্ষা |

**প্রথম অধ্যায়: স্রষ্টা ও সৃষ্টি**

**পরিচ্ছেদ ১.২ : স্রষ্টা, সৃষ্টি ও সেবা**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. সকল সৃষ্টির মূলে ঈশ্বরের অস্তিত্ব ব্যাখ্যা করতে পারবে। | • সকল সৃষ্টির মূলে ঈশ্বর |
| ২. আত্মারূপে জীবের মধ্যে ঈশ্বরের অবস্থান -বিষয়টি ব্যাখ্যা করতে পারবে। | • আত্মারূপে ঈশ্বর |
| ৩. ধর্মগ্রন্থ থেকে জীব ও জগতের মধ্যে ঈশ্বরের অবস্থান সম্পর্কিত একটি মন্ত্র বা শ্লোকের অর্থ এবং এর শিক্ষা ব্যাখ্যা করতে পারবে। | • জীবের মধ্যে আত্মা রূপে ঈশ্বরের অবস্থান সম্পর্কিত একটি মন্ত্র বা শ্লোকের অর্থ এবং এর শিক্ষা |
| ৪. সব কিছুর মূলে ঈশ্বরের অবস্থান সম্পর্কিত একটি গীতি কবিতার ব্যাখ্যা ও এর শিক্ষা সনাক্ত করতে পারবে।<br>৫. ঈশ্বর জ্ঞানে জীবসেবার গুরুত্ব বর্ণনা করতে পারবে । | • ঈশ্বরের অবস্থান সম্পর্কিত কবি রজনীকান্ত সেন-এর গীতি কবিতা<br>(তুমি নির্মল কর মঙ্গল করে...) |
| **আবেগীয়**<br>৬. জীব ও প্রকৃতির মধ্যে ঈশ্বরের অস্তিত্ব উপলব্ধি করতে এবং জীবসেবা ও পরিবেশ সংরক্ষণে উদ্বুদ্ধ হবে। | • ঈশ্বর জ্ঞানে জীবসেবা |

**দ্বিতীয় অধ্যায় : হিন্দুধর্মের বিশ্বাস, উৎপত্তি ও ক্রমবিকাশ**

**পরিচ্ছেদ ২.১ : হিন্দুধর্মের বিশ্বাস**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| বুদ্ধিবৃত্তীয়<br>১. মৌলিক বিশ্বাস হিসেবে একেশ্বরবাদের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>২. অবতারবাদের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>৩. বিভিন্ন অবতার, দেব-দেবী প্রভৃতি একই ব্রহ্ম বা ঈশ্বরের প্রকাশ বা সাকার রূপ, হিন্দুধর্ম মূলত যে একেশ্বরবাদী-এ ধারণাটি ব্যাখ্যা করতে পারবে।<br>৪. চতুরাশ্রমের ধারণা (ব্রহ্মচর্য,গার্হস্থ্য,বানপ্রস্থ ও সন্ন্যাস) ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>৫. যোগের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>৬. কর্ম, জ্ঞান ও ভক্তিযোগের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>আবেগীয়<br>৭. ধর্মবোধ জাগ্রত হবে এবং ধর্মাচরণে উদ্বুদ্ধ হবে। | • একেশ্বরবাদ<br>• অবতারবাদ<br>• চতুরাশ্রম<br>• যোগের ধারণা<br>• কর্ম, জ্ঞান ও ভক্তিযোগ |

**দ্বিতীয় অধ্যায় : হিন্দুধর্মের বিশ্বাস, উৎপত্তি ও ক্রমবিকাশ**

**পরিচ্ছেদ ২.২ : হিন্দুধর্মের উৎপত্তি ও ক্রমবিকাশ**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. হিন্দুধর্মের উৎপত্তি ও ক্রমবিকাশ বিস্তৃতভাবে বর্ণনা করতে পারবে।<br>২. বাংলাদেশে হিন্দুধর্ম (সনাতন ধর্ম) প্রচার, সংস্কার ও বিকাশে বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের ভূমিকা ব্যাখ্যা করতে পারবে।<br>**আবেগীয়**<br>৩. হিন্দুধর্মের সমৃদ্ধ ঐতিহ্য সম্পর্কে অবহিত হয়ে তা সমুন্নত রাখতে উদ্বুদ্ধ হবে। | • হিন্দুধর্মের উৎপত্তি ও ক্রমবিকাশ<br>• বাংলাদেশে হিন্দুধর্ম (সনাতন ধর্ম) প্রচার ও বিকাশে বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের (যেমন-রামকৃষ্ণ মঠ ও মিশন, আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘ (ইসকন), সৎসঙ্গ, মতুয়া সম্প্রদায়, মহানাম সম্প্রদায় (জগদ্বন্ধু মহাপ্রকাশ মঠ), প্রণবানন্দ প্রতিষ্ঠিত ভারত সেবাশ্রম, লোকনাথ সেবক সংঘ, অখণ্ডমন্ডলী ও অন্যান্য) ভূমিকা |

**তৃতীয় অধ্যায় : ধর্মীয় আচার-অনুষ্ঠান**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. ধর্মানুষ্ঠান ও ধর্মাচারের ধারণা দুটি ব্যাখ্যা করতে পারবে।<br>২. ধর্মাচার ও পূজার আচারের মধ্যকার সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে।<br>৩. সমাজ ও পারিবারিক জীবনে ধর্মাচারের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>৪. প্রধান ধর্মাচারগুলো ব্যাখ্যা করতে পারবে।<br>৫. ধর্মানুষ্ঠান হিসেবে দোলযাত্রা,রথযাত্রা ও নামযজ্ঞের বর্ণনা এবং এর প্রভাব বিশ্লেষণ করতে পারবে।<br>৬. আর্থ-সামাজিক ,পারিবারিক ও ধর্মীয় জীবনে ধর্মাচারের প্রভাব বিশ্লেষণ করতে পারবে।<br>৭. তীর্থ দর্শনের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>৮. দৃষ্টান্ত হিসেবে পণা তীর্থের (তাহেরপুর, সুনামগঞ্জ) পরিচয় ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>**আবেগীয়**<br>৯. ধর্মীয় আচার অনুষ্ঠান ও তীর্থের প্রতি শ্রদ্ধাবোধ জাগ্রত হবে এবং পালনে উৎসাহিত হবে। | • ধর্মানুষ্ঠানের ধারণা<br>• ধর্মাচারের ধারণা<br>• অনুষ্ঠান,ধর্মাচার ও পূজার আচারের সম্পর্ক<br>• সমাজ ও পারিবারিক জীবনে ধর্মাচারের গুরুত্ব<br>• ধর্মাচারসমূহ - সংক্রান্তি, গৃহপ্রবেশ, জামাই ষষ্ঠী, রাখীবন্ধন, ভ্রাতৃদ্বিতীয়া, বর্ষবরণ, দীপাবলি, হাতেখড়ি, নবান্ন<br>• ধর্মাচারের প্রভাব<br>• ধর্মানুষ্ঠান<br>○ দোলযাত্রা<br>○ রথযাত্রা<br>○ নামযজ্ঞ<br>• তীর্থ দর্শনের গুরুত্ব<br>• পণা তীর্থের পরিচয় ও গুরুত্ব |

## চতুর্থ অধ্যায় : হিন্দুধর্মে সংস্কার

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. ধর্মীয় সংস্কারের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>২. পারিবার ও সমাজ জীবনে ধর্মীয় সংস্কারের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>৩. বিভিন্ন সংস্কারের নাম উল্লেখ করতে পারবে এবং প্রচলিত সংস্কারসমূহ ব্যাখ্যা করতে পারবে।<br>৪. হিন্দুধর্মে বিবাহ অনুষ্ঠানের বিভিন্ন পর্ব ধারাবাহিকভাবে বর্ণনা করতে পারবে।<br>৫. একটি বিবাহ মন্ত্রের সরলার্থ এবং মন্ত্রের শিক্ষা ব্যাখ্যা করতে পারবে।<br>৬. 'হিন্দু বিবাহ স্বামী-স্ত্রীর মধ্যে পারস্পরিক সুদৃঢ় ধর্মীয় বন্ধন'- বিশ্লেষণ করতে পারবে।<br>৭. সমাজ ও পারিবারিক জীবনে বিবাহের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>৮. 'পণপ্রথা অধর্ম'-এর কারণ ব্যাখ্যা করতে পারবে<br>৯. অন্ত্যেষ্টিক্রিয়ার ধারণা ও পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে।<br>১০. অন্ত্যেষ্টিক্রিয়ায় শবদেহ প্রদক্ষিণ করার সময়কার মন্ত্রটি সরলার্থসহ ব্যাখ্যা করতে পারবে।<br>১১. অন্ত্যেষ্টিক্রিয়ার গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>১২. অশৌচের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>১৩. অশৌচ পালনের পদ্ধতি এবং পালনের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>১৪. শ্রাদ্ধের ধারণা ও আদ্যশ্রাদ্ধের বিধান ব্যাখ্যা করতে পারবে।<br>১৫. সামাজিক ও পারিবারিক জীবনে আদ্যশ্রাদ্ধের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>১৬. হিন্দুসমাজের আচার- অনুষ্ঠান পালনে বিভিন্ন বর্ণের মধ্যে পার্থক্য না রেখে একই প্রকার বিধানের প্রয়োজনীয়তা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>**আবেগীয়**<br>১৭. 'পণপ্রথা অধর্ম'-এর কারণ ব্যাখ্যা ও উপলিদ্ধ করে নিজে জীবন, পরিবার ও সমাজে প্রয়োগে উদ্বুদ্ধ হবে।<br>১৮. হিন্দুধর্মের সংস্কার পালনে আগ্রহী হবে। | • ধর্মীয় সংস্কারের ধারণা ও ধরণ<br><br>**দশবিধ সংস্কার :**<br>• গর্ভাধান,পুংসবন,সীমন্তোন্নয়ন, জাতকর্ম,নামকরণ,অন্নপ্রাশন,চূড়াকরণ, উপনয়ন, সমাবর্তন, বিবাহ<br><br>• বিবাহের একটি বৈদিক মন্ত্র, সরলার্থ ও মন্ত্রের শিক্ষা<br>• বিবাহের গুরুত্ব<br>• বিবাহের পর্বসমূহ- আশীর্বাদ, গায়েহলুদ, অধিবাস, বৃদ্ধি শ্রাদ্ধ, সোহাগজল, সাতপাকে বাঁধা, মালাবদল, শুভদৃষ্টি, সম্প্রদান, যজ্ঞানুষ্ঠান, সিথিঁতে বিবাহ চিহ্ন, আংটিখেলা, বাসি বিয়ে ,বৌভাত ও ভাতকাপড়, অষ্টমঙ্গলা<br>• পণপ্রথা অধর্ম<br>• অন্ত্যেষ্টিক্রিয়ার ধারণা ও পদ্ধতি<br>• অন্ত্যেষ্টিক্রিয়ার সময় শবদেহ প্রদক্ষিণ করার সময়কার মন্ত্র ও সরলার্থ<br>• অন্ত্যেষ্টিক্রিয়ার গুরুত্ব<br><br>• অশৌচের ধারণা,পদ্ধতি ও পালনের গুরুত্ব<br>• শ্রাদ্ধের ধারণা ও আদ্যশ্রাদ্ধের বিধান এবং সামাজিক ও পারিবারিক জীবনে গুরুত্ব<br>সকল বর্ণের জন্য একই প্রকার বিধানের প্রয়োজনীয়তা ও গুরুত্ব |

## পঞ্চম অধ্যায় : দেব-দেবী ও পূজা

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. পূজা ও পুরোহিত ধারণা দুটির ব্যাখ্যা এবং পুরোহিতের যোগ্যতা ব্যাখ্যা করতে পারবে।<br>২. দেব-দেবীর ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>৩. দুর্গা নামের ব্যুৎপত্তি ব্যাখ্যা করতে পারবে।<br>৪. দুর্গা দেবীর পরিচয় ও রূপ বর্ণনা করতে পারবে।<br>৫. দুর্গা পূজার বিভিন্ন পর্ব (বোধন থেকে বিসর্জন) বর্ণনা করতে পারবে।<br>৬. দেবী দুর্গার প্রণাম মন্ত্রের সরলার্থ ও এর শিক্ষা ব্যাখ্যা করতে পারবে।<br>৭. কুমারী পূজা ও বিজয়া দশমীর তাৎপর্য ও প্রভাব বিশ্লেষণ করতে পারবে।<br>৮. আর্থ-সামাজিক ও পারিবারিক জীবনে দুর্গা পূজার প্রভাব বিশ্লেষণ করতে পারবে।<br>৯. নিজ জীবনাচরণে দুর্গা পূজার শিক্ষা অনুশীলনে উদ্বুদ্ধ হবে<br>১০. দেবী কালীর পরিচয় ও পূজা পদ্ধতি বর্ণনা করতে পারবে<br>১১. কালী পূজার প্রণাম মন্ত্রের সরলার্থ ও এর শিক্ষা ব্যাখ্যা করতে পারবে। | • পূজা ও পুরোহিত<br>• দেবী দুর্গা<br>○ দেবীর পরিচয় ও রূপ<br>○ দুর্গা নামের ব্যুৎপত্তি<br>○ পূজা পদ্ধতি<br><br>○ প্রণাম মন্ত্র :সরলার্থ ও শিক্ষা<br>○ বিজয়া দশমী ও কুমারী পূজার তাৎপর্য ও প্রভাব<br>○ আর্থ-সামাজিক, পারিবারিক ও নৈতিক জীবনে দুর্গা পূজার প্রভাব<br>• দেবী কালী<br>○ দেবী কালীর পরিচয়<br>○ দুর্গা পূজার বিভিন্ন পর্ব |

**পঞ্চম অধ্যায় : দেব-দেবী ও পূজা**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১২. আর্থ-সামাজিক ও পারিবারিক জীবনে কালী পূজার প্রভাব বিশ্লেষণ করতে পারবে এবং নিজ জীবনাচরণে কালী পূজার শিক্ষা অনুশীলন করতে পারবে।<br>১৩. শীতলা দেবীর পরিচয় ও পূজা পদ্ধতি বর্ণনা করতে পারবে।<br>১৪. শীতলা দেবীর পূজার প্রণাম মন্ত্রের সরলার্থ ও এর শিক্ষা ব্যাখ্যা করতে পারবে।<br>১৫. শীতলা দেবীর পূজার গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>১৬. কার্ত্তিক দেবের পরিচয় বর্ণনা করতে পারবে।<br>১৭. কার্ত্তিক দেবের প্রণাম মন্ত্রের সরলার্থ ও এর শিক্ষা ব্যাখ্যা করতে পারবে।<br>১৮. কার্ত্তিক পূজার গুরুত্ব ও প্রভাব বিশ্লেষণ করতে পারবে।<br>**আবেগীয়**<br>দেব-দেবীর মাহত্ম্য শিক্ষা ও এদের শিক্ষা নিজ জীবনে প্রয়োগ করবে এবং পূজার্চনা অনুশীলনে উদ্বুদ্ধ হবে। | (বোধন থেকে বিসর্জন)<br>○ পূজার ধ্যান ও প্রণাম মন্ত্র, সরলার্থ ও শিক্ষা<br>○ পারিবারিক ও আর্থ-সামাজিক জীবনে কালী পূজার প্রভাব<br>• দেবী শীতলা<br>○ শীতলা দেবীর পরিচয়<br>○ পূজা পদ্ধতি<br>○ দেবীর পূজার প্রণাম মন্ত্র সরলার্থ ও শিক্ষা<br>○ শীতলা দেবীর পূজার গুরুত্ব<br>• কার্ত্তিক দেব<br>○ কার্ত্তিক দেবের পরিচয়<br>○ পূজার ও প্রণাম মন্ত্র, সরলার্থ ও শিক্ষা<br>কার্ত্তিক পূজার গুরুত্ব ও প্রভাব |

**ষষ্ঠ অধ্যায় : যোগসাধনা**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| বুদ্ধিবৃত্তীয়<br>১. ধর্মশাস্ত্র অনুযায়ী যোগাসাধনার ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>২. মানসিক স্বাস্থ্য ও ধর্মানুষ্ঠানে যোগসাধনার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>৩. অষ্টাঙ্গ যোগের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>৪. বৃক্ষাসনের ধারণা, পদ্ধতির বর্ণনা করতে পারবে ।<br>৫. শরীর-মনে বৃক্ষাসন অনুশীলনের প্রভাব বিশ্লেষণ করতে পারবে।<br>৬. অর্ধকূর্মাসন ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>৭. অর্ধকূর্মাসন পদ্ধতির বর্ণনা করতে পারবে।<br>৮. শরীর-মনে অর্ধকূর্মাসন অনুশীলনের প্রভাব বিশ্লেষণ করতে পারবে।<br>৯. গরুড়াসনের ধারণা, পদ্ধতি বর্ণনা করতে পারবে।<br>১০. শরীর-মনে গরুড়াসন অনুশীলনের প্রভাব বিশ্লেষণ করতে পারবে।<br>১১. হলাসনের ধারণা. পদ্ধতি ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে এবং শরীর- মনে এর প্রভাব বিশ্লেষণ করতে পারবে।<br>**মনোপেশিজ**<br>১২. উপর্যুক্ত আসনসমূহ অনুশীলন করবে। | • যোগাসাধনার ধারণা<br>• যোগসাধনার গুরুত্ব<br>• অষ্টাঙ্গ যোগের ধারণা ও গুরুত্ব<br>• বৃক্ষাসনের ধারণা, পদ্ধতি ও প্রভাব<br>• অর্ধকূর্মাসনের ধারণা, পদ্ধতি ও প্রভাব<br>• গরুড়াসনের ধারণা, পদ্ধতি ও প্রভাব<br>• হলাসনের ধারণা, পদ্ধতি ও প্রভাব |

**সপ্তম অধ্যায় : ধর্মগ্রন্থে নৈতিক শিক্ষা**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. হিন্দুধর্মাবলম্বীদের আদর্শ জীবনাচরণ ও নৈতিকতা গঠনে ধর্মগ্রন্থের গুরুত্ব ও ভূমিকা ব্যাখ্যা করতে পারবে।<br>২. ধর্মগ্রন্থ হিসেবে উপনিষদের সংক্ষিপ্ত পরিচিতি বর্ণনা করতে পারবে।<br>৩. ধর্মাচরণ ও নৈতিকতা গঠনে উপনিষদের গুরুত্ব ও শিক্ষা ব্যাখ্যা করতে পারবে।<br>৪. উপনিষদের একটি উপাখ্যান ও এর শিক্ষা বর্ণনা করতে পারবে।<br>৫. ধর্মাচরণ, মূল্যবোধ ও নৈতিকতা গঠনে রামায়ণ ও মহাভারতের শিক্ষা ব্যাখ্যা করতে পারবে।<br>**আবেগীয়**<br>৬. উপনিষদ,রামায়ণ ও মহাভারতে মূল্যবোধ ও নৈতিকতা গঠনসংশ্লিষ্ট শিক্ষা বাস্তব জীবনে প্রয়োগ করতে উদ্বুদ্ধ হবে। | • আদর্শ জীবনাচরণ ও নৈতিকতা গঠনে ধর্মগ্রন্থের গুরুত্ব ও ভূমিকা<br>• উপনিষদের সংক্ষিপ্ত পরিচিতি, গুরুত্ব ও শিক্ষা<br>○ উপাখ্যান ও এর শিক্ষা<br>• ধর্মাচরণ, মূল্যবোধ ও নৈতিকতা গঠনে রামায়ণের শিক্ষা<br>• ধর্মাচরণ, মূল্যবোধ ও নৈতিকতা গঠনে মহাভারতের শিক্ষা |

**অষ্টম অধ্যায় : ধর্মীয় উপাখ্যান ও নৈতিক শিক্ষা**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. ধর্মগ্রন্থে উপাখ্যান সন্নিবেশ করার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>২. মানবতা ধারণাটির ধর্মীয় ব্যাখ্যা করতে পারবে।<br>৩. মানবতার দৃষ্টান্তমূলক উপাখ্যান বর্ণনা করতে পারবে।<br>৪. বর্ণিত উপাখ্যানের শিক্ষা চিহ্নিত করতে পারবে।<br>৫. সমাজ ও পারিবারিক জীবনে এ শিক্ষার গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>৬. সৎ সাহস ধারণার ধর্মীয় ব্যাখ্যা করতে পারবে।<br>৭. সৎ সাহসের দৃষ্টান্তমূলক উপাখ্যান বর্ণনা করতে পারবে।<br>৮. বর্ণিত উপাখ্যানের শিক্ষা ব্যাখ্যা করতে পারবে।<br>৯. সমাজ ও পারিবারিক জীবনে এ শিক্ষার গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>**আবেগীয়**<br>১০. উপাখ্যানসমূহের বর্ণিত শিক্ষা বাস্তবজীবনে অনুশীলনে উৎসাহিত হবে। | • ধর্মগ্রন্থে উপাখ্যান সন্নিবেশ করার গুরুত্ব<br>• মানবতার ধারণা<br>○ উপাখ্যান<br>• সৎ সাহসের ধারণা<br>○ উপাখ্যান |

**নবম অধ্যায় : ধর্মপথ ও আদর্শ জীবন**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. ধর্মপথের ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>২. নৈতিক মূল্যবোধের সাথে ধর্মপথের সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে।<br>৩. ধার্মিকের স্বরূপ বর্ণনা করতে পারবে।<br>৪. ধার্মিক ও অধার্মিকের পরিণতি সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে।<br>৫. ধর্ম ধার্মিককে রক্ষা করে এবং ধর্মের জয় হয় একথার ভিত্তিতে একটি ধর্মীয় উপাখ্যান বর্ণনা করতে পারবে।<br>৬. ধর্মপথ অনুশীলনের ক্ষেত্রে পারিবারিক জীবনের ভূমিকা ব্যাখ্যা করতে পারবে।<br>৭. জীবনাচরণে 'সততাই উৎকৃষ্ট পন্থা' একথা ব্যাখ্যা করতে পারবে এবং এ বিষয়ে একটি ধর্মীয় উপাখ্যান বর্ণনা করতে পারবে।<br>৮. শিষ্টাচারের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>৯. শিষ্টাচারের দৃষ্টান্ত হিসেবে প্রণাম ও নমস্কারের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>১০. মাদক গ্রহণ অধর্মের পথ এ ধারণাটি ব্যাখ্যা করতে পারবে।<br>১১. ধূমপান ও মাদকের কুফল ব্যাখ্যা করতে পারবে।<br>১২. মাদকাসক্তি প্রতিরোধে পারিবারিক ধর্মীয় সংস্কৃতির গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে<br>**আবেগীয়**<br>১৩. ধর্মপথে চলতে উদ্বুদ্ধ হবে, জীবনাচরণে সততা ও শিষ্টাচার প্রদর্শনে আগ্রহী হবে এবং মাদক প্রতিরোধে সচেতন হবে। | • ধর্মপথের ধারণা<br>• নৈতিক মূল্যবোধের সাথে ধর্মপথের সম্পর্ক<br>• ধার্মিকের স্বরূপ<br>• ধার্মিক ও অধার্মিককের পরিণতি<br>• ধর্মের জয়<br>○ উপাখ্যান<br>• ধর্মপথ ও পারিবারিক জীবন<br>• জীবনাচরণে 'সততাই উৎকৃষ্ট পন্থা'<br>○ উপাখ্যান<br>• শিষ্টাচারের ধারণা ও গুরুত্ব<br>• প্রণাম ও নমস্কারের ধারণা ও গুরুত্ব<br>• মাদক গ্রহণ অধর্মের পথ<br>• ধূমপান ও মাদকের কুফল<br>• মাদকাসক্তি প্রতিরোধে পারিবারিক ধর্মীয় সংস্কৃতির গুরুত্ব। |

**দশম অধ্যায় : অবতার ও আদর্শ জীবনচরিত**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়** | |
| ১. অবতারের ধারণা ও এর ধরন (পূর্ণাবতার ও অংশাবতার) ব্যাখ্যা করতে পারবে। | • অবতার ধারণা ও এর ধরন |
| ২. অবতার রূপে ভগবান শ্রীকৃষ্ণের আবির্ভাবের কারণ ব্যাখ্যা করতে পারবে। | • পূর্ণাবতার ভগবান শ্রীকৃষ্ণ |
| ৩. চিকিৎসা বিজ্ঞানে চরক ও সুশ্রুতের অবদান বর্ণনা করতে পারবে। | • চরক ও সুশ্রুতের অবদান |
| ৪. ধর্মীয়,পারিবারিক, সামাজিক ও নৈতিক জীবন গঠনে শ্রীশঙ্করাচার্যের মতাদর্শের শিক্ষার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। | • শ্রীশঙ্করাচার্য ও তাঁর অবদান |
| ৫. ধর্মীয়, পারিবারিক, সামাজিক ও নৈতিক জীবন গঠনে মীরাবাঈ, প্রভু নিত্যানন্দ ও শ্রীমার মতাদর্শের শিক্ষার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। | • মীরাবাঈ ও তাঁর অবদান<br>• প্রভু নিত্যানন্দ ও তাঁর অবদান<br>• শ্রীমা ও তাঁর অবদান |
| ৬. ধর্মীয়,পারিবারিক,সামাজিক ও নৈতিক জীবন গঠনে শ্রীরামকৃষ্ণের মতাদর্শের শিক্ষার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। | • শ্রীরামকৃষ্ণ ও তাঁর অবদান |
| ৭. ধর্মীয়, পারিবারিক, সামাজিক ও নৈতিক জীবন গঠনে শ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী এবং স্বামী বিবেকানন্দের মতাদর্শের শিক্ষার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। | |
| **আবেগীয়** | |
| ৮. বাস্তব জীবনে অবতার, মহাপুরুষ ও মহীয়সী নারীর জীবনাদর্শ অনুসরণে নৈতিক চরিত্র গঠনে উদ্বুদ্ধ হবে । | • শ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী ও তাঁর অবদান<br>• স্বামী বিবেকানন্দ ও তাঁর অবদান |

**পরিশিষ্ট : ‘গ’**

# শিখনফল ম্যাপ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ............

এসএসসি পরীক্ষা ২০......

**বিষয়: হিন্দুধর্ম শিক্ষা        বিষয় কোড : ১১২**

| LO নং | অধ্যায় ১ | | | | | | অধ্যায় ২ | | | | | | অধ্যায় ৩ | | | অধ্যায় ৪ | | | অধ্যায় ৫ | | | অধ্যায় ৬ | | | অধ্যায় ৭ | | | অধ্যায় ৮ | | | অধ্যায় ৯ | | | অধ্যায় ১০ | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম পরিচ্ছেদ | | | ২য় পরিচ্ছেদ | | | ১ম পরিচ্ছেদ | | | ২য় পরিচ্ছেদ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | |
| ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৩ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৬ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৭ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৮ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৯ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

## বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়
## বিষয় : হিন্দুধর্ম শিক্ষা    বিষয় কোড : ১১২

১. ভক্তের কাছে ঈশ্বরের রূপ কী?
ক. পরমাত্মা
খ. জীবাত্মা
গ. ব্রহ্মা
ঘ. ভগবান

২. মহাবিশ্বে প্রথম কী সৃষ্টি হয়েছিলো ?
ক. জীবজন্তু
খ. জল
গ. আলো
ঘ. গাছপালা

৩. প্রাণায়ামের মাধ্যমে কী লাভ হয়?
ক. শরীরের বাতব্যথা দূর হয়
খ. একমনে ঈশ্বরের চিন্তা করা যায়
গ. দীর্ঘ জীবন লাভ করা যায়
ঘ. মনোযোগ দিয়ে কাজ শেষ করা যায়

৪. দেব- দেবীগণের স্তব স্তুতি বেদের কোন ভাগের অর্ন্তভূক্ত?
ক. সংহিতা
খ. ব্রাহ্মণ
গ. আরন্যক
ঘ. উপনিষদ

**উদ্দীপকের আলোকে ৫ ও ৬ নম্বর প্রশ্নের উত্তর দাও** আট বছর বয়সী রাখী বাবার সাথে মন্দিরে পূজা দেখতে গিয়ে দেখে তার সমবয়সী একটি মেয়েকে পূজার জন্য সাজানো হচ্ছে। এই উৎসবের শেষ দিন উপস্থিত মহিলাগণ একে অপরকে সিদুঁর পরিয়ে মিষ্টি মুখ করান এবং পরস্পরের দীর্ঘায়ু কামনা করেন।

৫. মেয়েটিকে কোন পূজার জন্য সাজানো হচ্ছে?
ক. সপ্তমী পূজা
খ. নবমী পূজা
গ. কুমারী পূজা
ঘ. সন্ধি পূজা

৬. মহিলাদের পালনকৃত অনুষ্ঠানের মাধ্যমে -
i. ধর্ম বর্ণ নির্বিশেষে পারস্পরিক সম্প্রীতি বাড়ে
ii. অসুস্থ রোগীদের সেবা করার মানসিকতা তৈরি হয়
iii. সমাজের অনিয়মের বিরূদ্ধে প্রতিবাদ করার প্রেরণা জাগ্রত হয়

নিচের কোনটি সঠিক ?
ক. i
খ. ii
গ. i ও ii
ঘ. i, ii ও iii

৭. কেনো শ্রীবিষ্ণুকে স্মরণ করা হয়?
ক. স্বর্গ প্রাপ্তির জন্য
খ. প্রলয় থেকে রক্ষা পাওয়ার জন্য
গ. কার্যক্ষেত্রে সফল হওয়ারর জন্য
ঘ. দুর্যোগ থেকে রক্ষা পাওয়ার জন্য

৮. হিন্দুধর্মাবলম্বীদের জন্য নিরাকার ঈশ্বরের উপাসনা সংক্রান্ত তত্ত্বটি কে উপস্থাপন করেন ?
ক. রাজা রামমোহন রায়
খ. হরিচাঁদ ঠাকুর
গ. ঠাকুর অনুকূল চন্দ্র
ঘ. স্বামী প্রবনানন্দ

**উদ্দীপকের আলোকে ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
প্রজ্ঞা প্রতিদিন সকালে ঘুম হতে উঠে পড়তে বসার আগে নাম সংকীর্তন করে থাকেন।

৯. প্রজ্ঞার কাজের মাধ্যমে কী উপকার হতে পারে ?
ক. অশুভ শক্তির বিনাশ হয়
খ. বিদ্যাশক্তি অর্জিত হয়
গ. ধনসম্পদ লাভ হয়
ঘ. ঈশ্বরের কাছাকাছি পৌঁছানো যায়

১০. শ্রী মৎ অদ্বৈত প্রভুর জন্মস্থান কোথায় ?
ক. নারায়ণগঞ্জের লাঙ্গলবন্দ
খ. গোপালগঞ্জের ওড়াকান্দি
গ. সুনামগঞ্জের পণাতীর্থ
ঘ. চট্টগ্রামের সীতাকুন্ডু

১১. অযাচক বৃত্তি পালনের শর্ত কোনটি ?
ক. বাড়ি বাড়ি গিয়ে ভিক্ষা করা
খ. অন্যের ইচ্ছায় জীবন যাপন করা
গ. নিজের ইচ্ছায় জীবন যাপন করা
ঘ. ভক্তের কাছ থেকে আহার সংগ্রহ করা

**উদ্দীপকের আলোকে ১২নং প্রশ্নের উত্তর দাও :**
অজয়বাবু তাঁর কাকার মৃত্যুতে ১২ দিন নিরামিষ খেয়ে অশৌচ পালন করলেন।

১২. উদ্দীপকের অজয়বাবুর কর্মকান্ডের মাধ্যমে তাঁকে কোন বর্ণের আওতাভূক্ত করা যায় ?
ক. ব্রাহ্মণ
খ. ক্ষত্রিয়
গ. বৈশ্য
ঘ. শুদ্র

১৩. কোন মহাপুরুষ অদ্বৈতমত প্রচার করেন ?
ক. শ্রীরামকৃষ্ণ
খ. শ্রীগৌরাঙ্গ
গ. শঙ্করাচার্য
ঘ. প্রভূ নিত্যানন্দ

১৪. বর্তমান সমাজে কোন বিবাহটি বিশেষভাবে প্রচলিত ?

ক. দৈব
খ. ব্রাহ্ম
গ. গান্ধর্ব
ঘ. প্রাজাপত্য

**উদ্দীপকের আলোকে ১৫নং প্রশ্নের উত্তর দাও:**
রাজ অনেক দিন পর দাদুকে আসতে দেখে দৌড়ে গিয়ে মাথা নিচু করে তাঁকে সম্মান দেখায়।

১৫. রাজের আচরণ নীচের কোনটির সাথে সম্পৃক্ত ?
ক. পঞ্চাঙ্গ প্রণাম
খ. অষ্টাঙ্গ প্রণাম
গ. নমস্কার
ঘ. অভিবাদন

১৬. কোন তিথিতে সন্ধি পূজা করা হয় ?
ক. ষষ্ঠী-সপ্তমী
খ. সপ্তমী- অষ্টমী
গ. অষ্টমী-নবমী
ঘ. নবমী-দশমী

উদ্দীপকের আলোকে ১৭ ও ১৮ নম্বর প্রশ্নের উত্তর দাও
ধর্মপ্রাণ সুকান্তবাবু বাড়িতে নতুন ঘর করার পর শালগ্রাম শিলায় পূজা করে মাঙ্গলিক কাজ সম্পন্ন করেন। তাঁর স্ত্রী ও রানীবালাদেবী প্রতিবছর বর্ষাকালে একটি ধর্মাচার পালন করেন। এ দিন তাঁর সব ভাইদেরকে নিমন্ত্রণ করে বাড়িতে আনেন। নানা অনুষ্ঠানের পর ভাইদের হাতে এক বস্তু বেঁধে দেন।

১৭. সুকান্তবাবুর বাড়িতে কোন ধর্মাচারটি পালিত হয়েছে?
ক. বর্ষবরণ
খ. সংক্রান্তি
গ. নবান্ন
ঘ. গৃহপ্রবেশ

১৮. রানীবালাদেবীর পালনকৃত ধর্মাচারটির মাধ্যমে-
i. ভাই বোনদের সম্পর্ক সুন্দর হয়
ii. ভাইদের আয়ু বৃদ্ধি পায়
iii. সকল জ্ঞাতি ভাই বিপদ হতে রক্ষা পায়

নিচের কোনটি সঠিক ?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

১৯. 'প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ম্' -বলতে কি বুঝায়?
ক. ঈশ্বর বহু প্রকার রূপের অধিকারী
খ. ঈশ্বর থেকে কাউকে আলাদা করা যায় না
গ. ঈশ্বর দ্বারা পৃথিবীর সৃষ্টি, পালন ও ধ্বংস হচ্ছে
ঘ. মানুষের সাফল্যের মাঝে ঈশ্বরের প্রকাশ ঘটে

২০. যোগসাধনার ফলে কোনটি ঘটে ?
ক. জগতের অশান্তি দূর হয়
খ. জীবাত্মা অমরত্ব লাভ করে
গ. পরমাত্মা ধরাধামে আসেন
ঘ. জীবাত্মা পরমাত্মার সংযোগ

২১. ঋষি আরুণি কত বছর বয়সে শ্বেতকেতুকে ব্রহ্মচর্য আশ্রমে প্রেরণ করেন ?

ক. ৫ বছর
খ. ১২ বছর
গ. ২৫ বছর
ঘ. ৫০ বছর

২২. পূজা মন্ডপে প্রণাম মন্ত্র উচ্চারণ করে দেব-দেবীদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন কোন বিষয়ের অন্তর্ভূক্ত ?

ক. সদাচার
খ. স্মৃতিশাস্ত্র
গ. বিবেক
ঘ. শিষ্টাচার

২৩. নিচের কোন গুণটির দ্বারা মানুষ দেশ বা জাতির বিপদে ঝাঁপিয়ে পড়তে দ্বিধা করে না ?
ক. মানবতা
খ. সৎসাহস
গ. উদারতা
ঘ. সহিষ্ণুতা

২৪. নীচের কোনটি দোলযাত্রা অনুষ্ঠানের সাথে সম্পর্কিত ?
ক. নানারকম পিঠাপায়েস তৈরী করা হয়
খ. শিবের পূজা করা হয়
গ. বসন্ত পূর্ণিমায় অনুষ্ঠিত হয়
ঘ. অবতারগণের পূজা করা হয়

**উদ্দীপকের আলোকে ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :**

ব্যায়াম করার সময় রিজু হাঁটু ভাঁজ করে মাথা নিচু করে হাত সামনে রাখে এবং সেতু পা পেছন থেকে উল্টিয়ে মাথার পেছনে মাটি স্পর্শ করে। ব্যায়াম করে উভয়ে সুস্থ থাকে।

২৫. রিজুর অনুশীলনকৃত আসনটি কোন ধরনের?

ক. বৃক্ষাসন
খ. অর্ধকূর্মাসন
গ. হলাসন
ঘ. গরুড়াসন

২৬. সেতুর আসন অনুশীলনের ফলে-

i. মেরুদন্ড কাজ করার উপযোগী হয়
ii. পেটের রোগ সেরে যায়
iii. আবেগ দমন হয়

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

২৭. 'আপনি আচরি ধর্ম জীবেরে শিখায়' কোন গ্রন্থে বলা হয়েছে ?

ক. পরাশর সংহিতা
খ. মনুসংহিতা
গ. শ্রীরামকৃষ্ণকথামৃত
ঘ. শ্রীচৈতন্যচরিতামৃত

২৮. ব্যাক্তির মৃত্যুর পর প্রথম শ্রাদ্ধে -

i. ষোল প্রকার উপাচার দান করা হয়
ii. মৃত ব্যক্তির আপনজনদের দুঃখ লাঘব হয়
iii. প্রিয়জনের মৃত্যু শোক দূর হয়

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

২৯. 'কখনো পরনিন্দা করবে না' উপদেশটি কোন মহাপুরুষের ?

ক. শ্রীবিজয়কৃষ্ণ গোস্বামী
খ. স্বামী বিবেকানন্দ
গ. ব্রহ্মানন্দ স্বামী
ঘ. শ্রীশঙ্করাচার্য

৩০. চিকিৎসাশাস্ত্রে চরক গুরুত্বপূর্ণ কেন ?

ক. রোগ প্রতিকারে অস্ত্রোপচার শুরু করেন
খ. ভেষজ চিকিৎসার প্রবর্তন করেন
গ. প্রথম হাড়ের চিকিৎসার উদ্ভাবন করেন
ঘ. শারীরিক অসুস্থতার কারণ আবিষ্কার করে

**পরিশিষ্ট: 'ঙ'**

## বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ
## বিষয় : হিন্দুধর্ম শিক্ষা বিষয় কোড : ১১২

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. যোগীর কাছে ঈশ্বরের রূপ কী ?
- ক. পরমাত্মা
- খ. জীবাত্মা
- গ. ভগবান
- ঘ. ব্রহ্ম

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

২. দোলযাত্রা অনুষ্ঠানে-
- i. পরস্পরকে রঙে রাঙ্গিয়ে তোলা হয়
- ii. অশুভকে দূর করার ব্যবস্থা করা হয়
- iii. নানা রঙের প্রদীপ জ্বালানো হয়

নিচের কোনটি সঠিক ?
- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

**অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাওঃ**

রনি ও বনি ঘুম থেকে উঠে ব্যায়াম করার সময় রনি হাঁটু ভাজ করে মাথা নিচু করে হাত সামনে রাখে। বনি পা পেছন থেকে উল্টিয়ে মাথার পেছনে মাটি স্পর্শ করে। ব্যায়াম করাতে উভয় সুস্থ থাকে।

৩. বনির আসনটি কোন পর্যায়ের ?
- ক. বৃক্ষাসন
- খ. অধকূর্মাসন
- গ. হলাসন
- ঘ. গরুড়াসন

৪. উদ্দীপকে রনির আসনটি অনুশীলনের ফলে-
- i. পরিপাকে সহায়তা করে
- ii. শরীর কাঁপা দুর করে
- iii. শরীরের মেদ কমে যায়

নিচের কোনটি সঠিক ?
- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮

তারিখ ঃ ০৮ অগ্রহায়ণ ১৪১৬ / ২২ নভেম্বর ২০০৯

## পরিপত্র

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে ঃ

(ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।

(খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।

(ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।

(জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না

(ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রনয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ।

২২/১১/০৯

(খন্দকার রাকিবুর রহমান)
যুগ্ম-সচিব(মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়।

**বিতরণ ঃ**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচচ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল)।
৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [ জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারিটেনডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

পরিশিষ্ট: 'ছ'

# ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন

## বিষয়: হিন্দুধর্ম শিক্ষা বিষয় কোড : ১১২

১. ৫ বছর থেকে ২৫ বছর বয়সে শিক্ষা জীবন শেষ করে গুরুগৃহ থেকে নিজ গৃহে প্রবেশ করার সময় কোন অনুষ্ঠান পালন করা হয়?
ক. জাতকর্ম
খ. উপনয়ন
গ. সমাবর্তন
ঘ. সীমন্তোন্নয়ন

২. অসুর বিনাসী ভয়ঙ্করী দেবী কে?
ক. শীতলা
খ. কালী
গ. অম্বিকা
ঘ. লক্ষ্মী

৩. দেবতা কোন জন?
ক. অগ্নি
খ. ব্রহ্মা
গ. বিষ্ণু
ঘ. শিব

৪. হিন্দুদের ধর্ম গ্রন্থ কোনটি?
ক. উপনিষদ
খ. বেদ
গ. গীতা
ঘ. উপরের সবগুলো সঠিক

৫. কোন পূজায় শিশুদের প্রথম হাতের লেখা শুরু করার জন্য অনুষ্ঠান করা হয়?
ক. সরস্বতী পূজা
খ. দুর্গা পূজা
গ. লক্ষ্মী পূজা
ঘ. কালী পূজা

৬. কোনটি ব্রহ্মার ক্রিয়াগুন নয়?
ক. বিনাশকারী
খ. স্থিতিরক্ষাকারী
গ. সৃষ্টিকারী
ঘ. জ্যোর্তিময়

৭. মনোরমাকে দেহভঙ্গি লাঙ্গলের মতো করে যোগ আসন করতে দেখা গেল। এ আসনটি করার ফলে মনোরমার-
i. শরীরের চর্বি কমে যায়
ii. পেটের রোগ বেড়ে যায়
iii. পেটের রোগ কমে যায়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

৮. ভাইয়ের হাতে রাখি নামের একটি পবিত্র সুতা বেঁধে দেওয়া হয় কোন অনুষ্ঠানে ?
ক. রাখীবন্ধন
খ. ভাতৃদ্বিতীয়া
গ. দীপাবলী
ঘ. দোলযাত্রা

৯. মোক্ষলাভ হয় কিভাবে?
ক. ধ্যানের মাধ্যমে
খ. পূজার মাধ্যমে
গ. উপাসনার মাধ্যমে
ঘ. যোগসাধানার মাধ্যমে

১০. রথযাত্রা আমাদের কী শিক্ষা দেয় ?
ক. ভগবান ভক্ত একাকার হয়ে যায়
খ. সকলেই রথের রশি ধরতে পারেন
গ. জাতি বর্ণের বিভেদ থাকে না
ঘ. উৎসবমুখর পরিবেশ সৃষ্টি

১১. জগদীশ বাবু প্রতিদিন মন্দিরে পূজা-অর্চনা করেন, ভোগ নিবেদন করেন। কিন্তু পাড়া প্রতিবেশী ও ভিক্ষুকরা প্রসাদ চাইলে তিনি তাদের তাড়িয়ে দেন।
ঈশ্বর সেবায় জগদীশ বাবুর কোন দিকটি উপেক্ষিত?
ক. পূজা অর্চনা
খ. জীব সেবা
গ. ভোগ বিলাস
ঘ. প্রেম ভক্তি

১২. কোন কাজটি শিষ্টাচারভুক্ত নয়?
ক. গুরুজনদের শ্রদ্ধা করা
খ. বড়দের প্রণাম জানানো
গ. অপরের মতের প্রতি শ্রদ্ধা জানানো
ঘ. সর্বদা নিজ মত প্রতিষ্ঠার চেষ্টা করা

১৩. মানবতা হচ্ছে-
ক. মানুষের প্রতি মানুষের মমত্ববোধ
খ. দেশ ও জাতির যে কোন বিপদে ঝাঁপিয়ে পড়া
গ. ধর্মাধর্ম নির্ণয় কররা প্রকৃষ্ট
ঘ. ভালমন্দ কাজ বিচার করাার

১৪. ধর্মের বাহ্য লক্ষণ কোনটি ?
ক. বিবেকেরবাণী
খ. ক্ষমা
গ. বেদ
ঘ. গীতা

| | |
|---|---|
| ১৫. কোনটি ধর্মানুষ্ঠান?<br>ক. রাখীবন্ধন<br>খ. বর্ষবরণ<br>গ. দীপাবলী<br>ঘ. উপরের কোনটিই সঠিক নয়<br><br>১৬. ধর্ম শাস্ত্র অনুসারে কু-কর্ম থেকে কোনটি অর্জিত হয় ?<br>ক. খারাপ ফল ও পাপ অর্জিত হয়<br>খ. জন্ম লাভ হয়<br>গ. মৃত্যু লাভ হয়<br>ঘ. নরক লাভ হয়<br><br>১৭. গার্হস্থ্য আশ্রমে প্রবেশের সময়কাল কখন?<br>ক. ২৫-৫০ বছর<br>খ. ৫০-৭৫ বছর<br>গ. ৫-২৫ বছর<br>ঘ. ৭৫-১০০ বছর | |

পরিশিষ্ট : ‘জ’

## ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের শুদ্ধরূপ
## বিষয় : হিন্দুধর্ম শিক্ষা বিষয় কোড : ১১২

| ত্রুটিযুক্ত রূপ | ত্রুটিমুক্ত রূপ |
|---|---|
| **উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।** | |
| ১. দেবতা কোন জন?<br>ক. অগ্নি<br>খ. ব্রহ্মা<br>গ. ডবষ্ণু<br>ঘ. ডশব | ১. বৈদিক দেবতা কোন জন?<br>ক. অগ্নি<br>খ. ব্রহ্মা<br>গ. বিষ্ণু<br>ঘ. শিব |

| **উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।** | |
|---|---|
| ২. কোন পূজায় শিশুদের প্রথম হাতের লেখা শুরু করার জন্য অনুষ্ঠান করা হয়?<br>ক. সরস্বতী পূজা<br>খ. দুর্গা পূজা<br>গ. লক্ষ্মী পূজা<br>ঘ. কালী পূজা | ২. কোন পূজায় শিশুদের হাতে খড়ি অনুষ্ঠান হয়?<br>ক. সরস্বতী পূজা<br>খ. দুর্গা পূজা<br>গ. লক্ষ্মী পূজা<br>ঘ. কালী পূজা |

| **উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।** | |
|---|---|
| ৩. ৫ বছর থেকে ২৫ বছর বয়সে শিক্ষা জীবন শেষ করে গুরুগৃহ থেকে নিজ গৃহে প্রবেশ করার সময় কোন অনুষ্ঠান পালন করা হয়?<br>ক. জাতকর্ম<br>খ. উপনয়ন<br>গ. সমাবর্তন<br>ঘ. সীমন্তোন্নয়ন | ৩. শিক্ষা জীবন শেষ করে গুরুগৃহ থেকে নিজ গৃহে প্রবেশ করার সময় কোন অনুষ্ঠান পালন করা হয় ?<br>ক. জাতকর্ম<br>খ. উপনয়ন<br>গ. সমাবর্তন<br>ঘ. সীমন্তোন্নয়ন |

| **উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভূক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুচ্ছে কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।** | |
|---|---|
| ৪. মোক্ষলাভ করা হয় কিভাবে?<br>ক. ধ্যানের মাধ্যমে<br>খ. পূজার মাধ্যমে<br>গ. উপাসনার মাধ্যমে<br>ঘ. যোগসাধানার মাধ্যমে | ৪. মোক্ষলাভ করা হয় কিসের মাধ্যমে?<br>ক. ধ্যান<br>খ. পূজা<br>গ. উপাসনা<br>ঘ. যোগসাধনা |

| **উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে। না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।** | |
|---|---|
| ৫. কোনটি ব্রহ্মার ক্রিয়াগুন নয়?<br>ক. বিনাসকারী<br>খ. স্থিতিরক্ষাকারী<br>গ. সৃষ্টিকারী<br>ঘ. জ্যোর্তিময় | ৫. কোনটি ব্রহ্মার ক্রিয়াগুন?<br>ক. বিনাসকারী<br>খ. পালনকারী<br>গ. সৃষ্টিকারী<br>ঘ. সফলতা দানকারী |

| **উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে। না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।** | |
|---|---|
| ৬. কোন কাজটি শিষ্টাচারভুক্ত নয়?<br>ক. গুরুজনদের শ্রদ্ধা করা | ৬. কোন কাজটি শিষ্টাচারভুক্ত **নয়?**<br>ক. গুরুজনদের শ্রদ্ধা করা |

| | |
|---|---|
| খ. বড়দের প্রণাম জানানো | খ. বড়দের প্রণাম জানানো |
| গ. অপরের মতের প্রতি শ্রদ্ধা জানানো | গ. অপরের মতের প্রতি শ্রদ্ধা জানানো |
| ঘ. সর্বদা নিজ মত প্রতিষ্ঠার চেষ্টা করা | ঘ. সর্বদা নিজ মত প্রতিষ্ঠার চেষ্টা করা |

**উদ্দীপকে এমন কোন ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।**

| | |
|---|---|
| ৭. ভাইয়ের হাতে রাখী নামের একটি পবিত্র সুতা বেধে দেয়া হয় কোন অনুষ্ঠানে ? | ৭. ভাইয়ের হাতে একটি পবিত্র সুতা বেধে দেয়া হয় কোন অনুষ্ঠানে ? |
| ক. রাখীবন্ধন | ক. রাখীবন্ধন |
| খ. ভ্রাতৃদ্বিতীয়া | খ. ভ্রাতৃদ্বিতীয়া |
| গ. দীপাবলি | গ. দীপাবলি |
| ঘ. দোলযাত্রা | ঘ. দোলযাত্রা |

**নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।**

| | |
|---|---|
| জগদীশ বাবু প্রতিদিন মন্দিরে পূজা-অর্চনা করেন, ভোগ নিবেদন করেন। কিন্তু পাড়া প্রতিবেশীরা ও ভিক্ষুকরা প্রসাদ চাইলে তিনি তাদের তাড়িয়ে দেন। | জগদীশ বাবু প্রতিদিন মন্দিরে পূজা-অর্চনা করেন, ভোগ নিবেদন করেন। কিন্তুপাড়া প্রতিবেশীরা ও ভিক্ষুকদের মধ্যে প্রসাদ বিতরণ করেন। |
| ৮. ঈশ্বর সেবায় জগদীশ বাবুর কোন দিকটি উপেক্ষিত? | ৮. ঈশ্বর সেবায় জগদীশ বাবুর কোন দিকটি বিশেষভাবে প্রতিফলিত হয়েছে? |
| ক. পূজা অর্চনা | ক. পূজা অর্চনা |
| খ. জীব সেবা | খ. জীব সেবা |
| গ. ভোগ বিলাস | গ. ভোগ বিলাস |
| ঘ. প্রেম ভক্তি | ঘ. প্রেম ভক্তি |

**বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে।**

| | |
|---|---|
| ৯. রথযাত্রা আমাদের কী শিক্ষা দেয়? | ৯. রথযাত্রা আমাদের কী শিক্ষা দেয়? |
| ক. ভগবান ভক্ত একাকার | ক. ভগবান ভক্ত একাকার হয়ে যায় |
| খ. সকলেই রথের রশি ধরতে পারেন | খ. সকলেই রথের রশি ধরতে পারেন |
| গ. জাতি বর্ণের বিভেদ থাকে না | গ. জাতি বর্ণের বিভেদ থাকে না |
| ঘ. উৎসবমুখর পরিবেশ সৃষ্টি | ঘ. উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয় |

**বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।**

| | |
|---|---|
| ১০. মানবতা হচ্ছে- | ১০. মানবতা হচ্ছে- |
| ক. মানুষের প্রতি মানুষের মমত্ববোধ | ক. মানুষের প্রতি মানুষের মমত্ববোধ |
| খ. দেশ ও জাতির যে কোন বিপদে ঝাঁপিয়ে পড়া | খ. দেশ ও জাতির যে কোন বিপদে ঝাঁপিয়ে পড়া |
| গ. ধর্মাধর্ম নির্ণয় করা | গ. ধর্মাধর্ম নির্ণয় করার প্রকৃষ্ট প্রমাণ |
| ঘ. ভালমন্দ কাজ বিচার করা | ঘ. ভালমন্দ কাজ বিচার করার বিবেচনা শক্তি |

**পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।**

| | |
|---|---|
| ১১. ধর্মের বাহ্য লক্ষণ কোনটি ? | ১১. ধর্মের বাহ্য লক্ষণ কোনটি ? |
| ক. বিবেকেরবাণী | ক. বিবেকেরবাণী |
| খ. ক্ষমা | খ. ক্ষমা |
| গ. বেদ | গ. বেদ |
| ঘ. গীতা | ঘ. স্মৃতি |

**বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাবাচক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।**

| | |
|---|---|
| ১২. গার্হস্থ্য আশ্রমে প্রবেশের সময়কাল কখন? | ১২. গার্হস্থ্য আশ্রমে প্রবেশের সময়কাল কখন? |
| ক. ২৫-৫০ বছর | ক. ৫-২৫ বছর |
| খ. ৫০-৭৫ বছর | খ. ২৫-৫০ বছর |
| গ. ৫-২৫ বছর | গ. ৫০-৭৫ বছর |
| ঘ. ৭৫-১০০ বছর | ঘ. ৭৫-১০০ বছর |

| বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্য প্রায় সমান হতে হবে। | |
|---|---|
| ১৩. ধর্ম শাস্ত্র অনুসারে ভালো কাজ করলে কী হয় ? | ১৩. ধর্ম শাস্ত্র অনুসারে ভালো কাজ করলে কী হয় ? |
| ক. পাপ অর্জিত হয় | ক. পাপ অর্জিত হয় |
| খ. জন্ম লাভ হয় | খ. জন্ম লাভ হয় |
| গ. মৃত্যু বরণ করে | গ. মৃত্যু বরণ করে |
| ঘ. পূন্য লাভ করে স্বর্গ অর্জিত হয় | ঘ. পূন্য অর্জিত হয় |

| বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে। | |
|---|---|
| ১৪. অসুর বিনাশী ভয়ঙ্করী দেবী কে? | ১৪. অসুর বিনাশী ভয়ঙ্করী দেবী কে? |
| ক. শীতলা | ক. শীতলা |
| খ. কালী | খ. কালী |
| গ. অম্বিকা | গ. চন্ডি |
| ঘ. লক্ষ্মী | ঘ. লক্ষ্মী |

| বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে। | |
|---|---|
| ১৫. মনোরমাকে দেহভঙ্গি লাঙ্গলের মতো করে যোগ আসন করতে দেখা গেল। এ আসনটি করার ফলে মনোরমার- | ১৫. মনোরমাকে দেহভঙ্গি লাঙ্গলের মতো করে যোগ আসন করতে দেখা গেল। এ আসনটি করার ফলে মনোরমার- |
| i. শরীরের চর্বি কমে যায় | i. শরীরের চর্বি কমে যায় |
| ii. পেটের রোগ বেড়ে যায় | ii. পেটের রোগ কমে যায় |
| iii. পেটের রোগ কমে যায় | iii. সহজেই পরিপাক হয় |
| নিচের কোনটি সঠিক? | নিচের কোনটি সঠিক? |
| ক. i ও ii | ক. i ও ii |
| খ. i ও iii | খ. i ও iii |
| গ. ii ও iii | গ. ii ও iii |
| ঘ. i, ii ও iii | ঘ. i, ii ও iii |

| বিকল্প উত্তরে 'উপরের সবগুলো সঠিক'-এমন বাক্য পরিহার করতে হবে। | |
|---|---|
| ১৬. হিন্দুদের ধর্মগ্রন্থ কোনটি? | ১৬. হিন্দুদের প্রধান ধর্মগ্রন্থ কোনটি? |
| ক. উপনিষদ | ক. উপনিষদ |
| খ. বেদ | খ. বেদ |
| গ. গীতা | গ. গীতা |
| ঘ. উপরের সবগুলো সঠিক | ঘ. পুরাণ |

| বিকল্প উত্তরে 'উপরের কোনটিই সঠিক নয়'-এমন বাক্য পরিহার করতে হবে। | |
|---|---|
| ১৭. কোনটি ধর্মানুষ্ঠান? | ১৭. কোনটি ধর্মানুষ্ঠান? |
| ক. রাখীবন্ধন | ক. রাখীবন্ধন |
| খ. বর্ষবরণ | খ. বর্ষবরণ |
| গ. দীপাবলী | গ. দীপাবলী |
| ঘ. উপরের কোনটিই সঠিক নয় | ঘ. দোলযাত্রা |

পরিশিষ্ট: ‘ঝ’

# বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড----------

## বিষয় : হিন্দুধর্ম শিক্ষা বিষয় কোড : ১১২

| চিন্তন দক্ষতার স্তর | ১ম | | ২য় | | ৩য় | ৪থ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | মোট প্রশ্ন সংখ্যা | % |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম পরিচ্ছেদ | ২য় পরিচ্ছেদ | ১ম পরিচ্ছেদ | ২য় পরিচ্ছেদ | | | | | | | | | | |
| উচ্চতর দক্ষতা | | | | | | | | | | | | | | ১০% |
| প্রয়োগ দক্ষতা | | | | | | | | | | | | | | ২০% |
| অনুধাবন দক্ষতা | | | | | | | | | | | | | | ৩০% |
| জ্ঞান দক্ষতা | | | | | | | | | | | | | | ৪০% |
| মোট | | | | | | | | | | | | | | ১০০% |

পরিশিষ্ট: 'ঞ'

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড----------
পরীক্ষার নাম------------- ২০--- খ্রিস্টাব্দ
বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক
বিষয় : হিন্দুধর্ম শিক্ষা বিষয় কোড : ১১২

| এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key |
|---|---|
| ১ | |
| ২ | |
| ৩ | |
| ৪ | |
| ৫ | |
| ৬ | |
| ৭ | |
| ৮ | |
| ৯ | |
| ১০ | |
| ১১ | |
| ১২ | |
| ১৩ | |
| ১৪ | |
| ১৫ | |

| এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key |
|---|---|
| ১৬ | |
| ১৭ | |
| ১৮ | |
| ১৯ | |
| ২০ | |
| ২১ | |
| ২২ | |
| ২৩ | |
| ২৪ | |
| ২৫ | |
| ২৬ | |
| ২৭ | |
| ২৮ | |
| ২৯ | |
| ৩০ | |

পরিশিষ্ট: 'ট'

## সৃজনশীল প্রশ্নের উদাহরণ

### বিষয় : হিন্দুধর্ম শিক্ষা     বিষয় কোড : ১১২

১. বসন্ত বাবু সকাল সন্ধ্যায় বাড়িতে গৃহদেবতার পূজা করেন। গ্রামের মন্দিরের যে কোনো পুজায় তিনি আন্তরিকভাবে অংশগ্রহন করে থাকেন। কিন্তু তার ভাই অমিতাভ একজন সরকারি কর্মকর্তা। তিনি নিয়মিত আহ্নিক সেরে গীতা পাঠ করেন। প্রতিমাসে তাঁর আয়ের কিছু অংশ সেবা আশ্রমে দান করেন এবং বিপদে আপদে তাদের সুপারমর্শ দিয়ে পাশে থাকেন। অমিতাভ বাবুকে উর্ধ্বতন কর্তৃপক্ষ অনৈতিক কাজের ফাইল স্বাক্ষর করতে বললে তিনি তা করেন না। এ নিয়ে হেনস্থা হতে হলেও তিনি তার পথে অবিচল থাকেন।

ক. ব্রহ্মা কাকে বলে ? ১

খ. ঈশ্বরকে কেন সর্বশক্তিমান বলা হয় ? ব্যাখ্যা কর। ২

গ. বসন্ত বাবুর কর্মকান্ডে উপাসনার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'অমিতাভ বাবুর কর্মকান্ড ঈশ্বর লাভের উপায়'। বিশ্লেষণ কর। ৪

২. শিখর বাবু সকাল সন্ধ্যা অফিস করে পুত্র কন্যাদের পড়াশোনা, বাবা মায়ের শরীর স্বাস্থ্য সকল বিষয়ে দেখভাল করেন। মাঝে মাঝে অতিথি সেবাও করেন, এসকল কাজকে তিনি তাঁর কর্তব্য বলে মনে করেন। অপরদিকে রতন বাবু সবকিছু ত্যাগ করে লোকালয় থেকে দূরে কোথাও গিয়ে ঈশ্বর সাধনায় নিজেকে নিযুক্ত করলেও মাঝে মাঝে গৃহে ফিরে আসেন।

ক. অবতারবাদ কাকে বলে? ১

খ. কোন প্রক্রিয়ায় যোগী মুক্তি লাভ করে থাকেন? ব্যাখ্যা কর। ২

গ. শিখর বাবুর কার্যক্রমের সাথে কোন আশ্রমের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রতন বাবুর কর্মকান্ডে যে আশ্রমের বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা বিশ্লেষণ কর। ৪

৩.

| চিত্র: ক | চিত্র: খ |
|---|---|
|  |  |
| মিতুলের দিদি প্রতিবছর অনুষ্ঠানটি আয়োজন করে। | বিজয়ের বাড়িতে অনুষ্ঠিত ২৪ প্রহরব্যাপী ধর্মীয় অনুষ্ঠান। |

ক. ধর্মানুষ্ঠান কাকে বলে ? ১

খ. কোন ধর্মাচারের মাধ্যমে মনের অন্ধকার দূর করা যায় ? ব্যাখ্যা কর। ২

গ. মিতুলের দিদির পালনকৃত ধর্মাচারটি পাঠ্য পুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. বিজয়ের বাড়ির অনুষ্ঠানের মাধ্যমে সংহতি ও ভাতৃত্ববোধ গড়ে ওঠা সম্ভব কি? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৪.

| উদ্দীপক- ১ | উদ্দীপক- ২ |
| --- | --- |
| অশোকবাবু অনাবৃষ্টির কবল হতে ক্ষেতের ফসলকে রক্ষা করার জন্য প্রতিবছর অন্ধকার তিথিতে বাড়িতে একটি পূজা করে থাকেন। এ পূজা রাত্রিবেলায় অনুষ্ঠিত হয়। |  গোপালবাবু প্রতিবছর সাড়ম্বরে বাড়িতে এ পূজা করে থাকেন। |

ক. লৌকিক দেবতা কাকে বলে ? ১

খ. দম্পতিগণ সুসন্তান লাভের আশায় কোন পূজা করে থাকেন? ব্যাখ্যা কর। ২

গ. অশোক বাবুর বাড়িতে অনুষ্ঠিত পূজাটি ব্যাখ্যা কর। ৩

ঘ. গোপাল বাবুর আয়োজিত পূজার মাধ্যমে অন্যায় অবিচার মোকাবেলার শক্তি জাগ্রত হয় কি? সপক্ষে যুক্তি দাও। ৪

৫. দৃশ্যকল্প-১ : হরপ্রসাদ বাবু ধর্মে বিশ্বাস করেন না। হরিনামে তাঁর প্রচন্ড অনীহা । কিন্তু তাঁরই একমাত্র পুত্র বিজয় ছোট বেলা থেকে বিভিন্ন মন্দিরে ঘুরে বেড়ায়। সে সব কিছুতেই ঈশ্বরের অস্তিত্ব খুঁজে পায়। তিনি এ কথা জানতে পেরে বিজয়কে ধর্মপথ থেকে ফেরানোর চেষ্টা করেন কিন্তু বিজয় তার বিশ্বাস নিয়ে ধর্মের পথেই চলতে থাকে।

দৃশ্যকল্প-২: সমর বাবুর প্রতিবেশীর বাড়িতে আগুন লাগলে তারা মূল্যবান কিছু জিনিস সমর বাবুর কাছে রেখে যায়। প্রতিবেশীর নতুন ঘর তৈরি হলে সমর বাবু প্রতিটা জিনিস তাঁর কাছে ফেরত দিয়ে দেন।

ক. ধার্মিক কাকে বলে ? ১

খ. আদর্শ জীবন গঠনের মানদন্ডটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের বিজয়ের সাথে ধর্মীয় উপাখ্যানের কোন চরিত্রের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমর বাবুর আচরণে যে গুণটি পরিলক্ষিত হয়, ব্যক্তিজীবনে তা কতটা গুরুত্বপূর্ণ বিশ্লেষণ কর। ৪

৬.

| চিত্র:ক | চিত্র:খ |
|---|---|
| সৃজা ধনী পরিবারের পুত্রবধু হলেও অর্থ সম্পদের উপর তাঁর কোন লোভ ছিল না। তিনি কখনও দামী শাড়ী গহনা বা কোন আসবাবরপত্র ব্যবহার করতেন না। তিনি সবকিছু শ্রীকৃষ্ণের পাদপদ্মে সঁপে দিয়ে ছিলেন। |   |

ক. 'সশ্রুত সংহিতা' কাকে বলে? ১

খ. 'আন্তর্জাতিক শিল্পকেন্দ্র' কেনো প্রতিষ্ঠিত হয়েছিলো তা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে সৃজার সাথে তোমার পাঠ্য বইয়ের কোন মহিয়সী নারীর মিল রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র:খ এর বক্তব্যের সাথে যে আদর্শ জীবনচরিতের মিল খুঁজে পাওয়া যায় বাস্তব জীবনে তাঁর শিক্ষা মূল্যায়ন কর। ৪

৭.

| চিত্র:ক | চিত্র: খ |
|---|---|
|  |  |

ক. উপনিষদের সাথে সম্পর্কিত উপাখ্যানের শিক্ষা কী ? ১

খ. উপনিষদকে কেনো বেদান্ত বলা হয় ব্যাখ্যা কর। ২

গ. চিত্র:ক এর দৃশ্যে সাথে পাঠ্যবইয়ের কোন ধর্মগ্রন্থের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র:খ এর দৃশ্যটির সাথে সম্পর্কযুক্ত ধর্মগ্রন্থটির শিক্ষা মূল্যবোধ ও নৈতিকতা গঠনে গুরুত্বপূর্ন ভূমিকা রাখে --তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তিসহ বিশ্লেষন কর। ৪

৮. শীতের সকালে আরতি দেবী ছেলে শিমুলকে সাথে নিয়ে মন্দিরে যাচ্ছিলেন। পথে এক বয়স্ক লোককে শীতে কাঁপতে দেখে তিনি তাঁর গায়ের চাদরটি ঐ লোকের গায়ে জড়িয়ে দিলেন। কিছুদূর যাওয়ার পর লোকজনের হৈ চৈ শুনে তাঁরা দাড়িয়ে পড়ে। পথের পাশে পুকুরে একটি শিশু পড়ে প্রায় ডুবে যাচ্ছে এই অবস্থা দেখে শিমূল কোন কিছু না ভেবেই পুকুরে ঝাঁপিয়ে পড়ে শিশুটিকে উদ্ধার করে তার মায়ের কোলে ফিরিয়ে দেয়।

ক. সৎ সাহসের সাথে সম্পর্কিত উপাখ্যানের শিক্ষা কী? ১

খ. ধর্মগ্রন্থে ধর্মীয় উপাখ্যান সংযোজন করা হয়েছে কোনো ব্যাখ্যা কর। ২

গ. আরতীদেবীর কার্যক্রমের সাথে পাঠ্যপুস্তকের কোন নৈতিক গুণাবলির মিল খুঁজে পাওয়া যায় ? ব্যাখ্যা কর। ৩

ঘ. শিমূলের আচরণের সাথে সম্পর্কিত নৈতিকতার শিক্ষা সমাজ ও পারিবারিক জীবনে কতটা তাৎপর্যপূর্ন তা বিশ্লেষণ কর। ৪

**পরিশিষ্ট : 'ঠ'**

## সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

## বিষয় : হিন্দুধর্ম শিক্ষা      বিষয় কোড : ১১২

৪.

| চিত্র: ক | চিত্র: খ |
|---|---|
|  |  |
| মিতুলের দিদি প্রতিবছর বাড়িতে এই অনুষ্ঠানটি আয়োজন করে। | বিজয়ের বাড়িতে অনুষ্ঠিত ২৪ প্রহরব্যাপী ধর্মীয় অনুষ্ঠান। |

ক. ধর্মানুষ্ঠান কাকে বলে? ১

খ. কোন ধর্মাচারের মাধ্যমে মনের অন্ধকার দূর করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. মিতুলের দিদির পালনকৃত ধর্মাচারটি পাঠ্য পুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. বিজয়ের বাড়ির অনুষ্ঠানের মাধ্যমে সংহতি ও ভ্রাতৃত্ববোধ গড়ে ওঠা সম্ভব কি? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৪ক. ধর্মানুষ্ঠান কাকে বলে?

### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

| প্রশ্নের ক্রমিক নং | দক্ষতা স্তর | নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানের বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ৪ | ক. জ্ঞান | ১ | ১ | ধর্মানুষ্ঠান কাকে বলে তা লিখলে |
| | | | ০ | অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে |

**৪ক. নং প্রশ্নের নমুনা উত্তর:**

ধর্মানুষ্ঠান: ঈশ্বর, দেব-দেবীর স্তব-স্তুতি প্রশংসা করে যে সকল অনুষ্ঠান করা হয় তাকে ধর্মানুষ্ঠান বলে।

৪খ. কোন ধর্মাচারের মাধ্যমে মনের অন্ধকার দূর করা যায়? ব্যাখ্যা কর।

### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

| প্রশ্নের ক্রমিক নং | দক্ষতা স্তর | নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানের বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ৪ | খ.অনুধাবন | ২ | ২ | ধর্মাচারটিকে দীপাবলি হিসেবে চিহ্নিত করে দীপাবলি উৎসবের বর্ণনা লিখলে |
| | | | ১ | ধর্মাচারটিকে দীপাবলি হিসেবে চিহ্নিত করলে |
| | | | ০ | অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে |

**৪খ. নং প্রশ্নের নমুনা উত্তরঃ**

**৪খ.** দীপাবলি উৎসব পালনের মাধ্যমে মনের অন্ধকার দূর করা যায়। কালী পূজার সময় প্রদীপ জ্বালিয়ে অশুভ বা অমঙ্গলকে তাড়িয়ে শুভ শক্তির সূচনা করা হয়। এ উৎসবের মাধ্যমে কুসংস্কার ও অন্ধবিশ্বাস দূর করে সকলের মনে মঙ্গল প্রদীপ জ্বালিয়ে আনন্দের বার্তা পৌঁছে দেওয়া হয়।

৪গ. মিতুলের দিদির পালনকৃত ধর্মাচারটি পাঠ্য পুস্তকের আলোকে ব্যাখ্যা কর।

## নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

| প্রশ্নের ক্রমিক নং | দক্ষতা স্তর | নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানের বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ৪ | গ.প্রয়োগ | ৩ | ৩ | পাঠ্যপুস্তকে বর্ণিত ভ্রাতৃদ্বিতীয়ার বৈশিষ্টের আলোকে মিতুলের দিদির অনুষ্ঠানকে ভ্রাতৃদ্বিতীয়া অনুষ্ঠান হিসেবে চিহ্নিত করে লিখলে |
| | | | ২ | ভ্রাতৃদ্বিতীয়া অনুষ্ঠানটির বর্ণনা লিখলে |
| | | | ১ | অনুষ্ঠানটিকে ভ্রাতৃদ্বিতীয়া হিসাবে চিহ্নিত করলে |
| | | | ০ | অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে |

**৪.গ নং প্রশ্নের নমুনা উত্তরঃ**

প্রতি বছর মিতুলের দিদি নিদিষ্ট দিনে তার কপালে ফোঁটা দিয়ে আর্শিবাদ জানায়," ভাইটি যেন অমরত্ব লাভ করে"। এ দিনটিই হলো ভ্রাতৃদ্বিতীয়া। ভ্রাতৃদ্বিতীয়া কার্তিক মাসের শুক্লাপক্ষের দ্বিতীয়া তিথিতে পালন করা হয়। ভাই ও বোনেদের কাছে বড়ই পবিত্র এ দিনটি। এই অনুষ্ঠানের মাধ্যমে ভাই-বোনের সম্পর্কের বন্ধন সুদৃঢ় হয়। বোনেরা ভাইকে ফোঁটা দেয় বলে অনুষ্ঠানটি ভাই ফোঁটা নামে পরিচিত। ভাইকে বোন সকল বিপদ আপদ থেকে রক্ষা করার জন্য উপবাস থেকে ভাইয়ের কপালে অনামিকা আঙ্গুলে চন্দন লাগিয়ে ফোঁটা দিয়ে ভাইয়ের দীর্ঘায়ু/দীর্ঘ জীবন কামনা করে বলে-

ভাইয়ের কপালে দিলাম ফোঁটা,
যমের দুয়ারে পড়ল কাটা

প্রতি বছর মিতুলের দিদিও ভ্রাতৃদ্বিতীয়ার দিনে তার কপালে ফোঁটা দিয়ে আর্শীবাদ জানায়।এই ধর্মচারটি শুধু পারিবারিক গণ্ডীর মধ্যে নয়, উৎসরের মাধ্যমে সকলের মধ্যেও ভ্রাতৃত্ববোধ জাগ্রত করে।

৪ঘ. বিজয়ের বাড়ির অনুষ্ঠানের মাধ্যমে সংহতি ও ভ্রাতৃত্ববোধ গড়ে ওঠা সম্ভব কি? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।

## নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

| প্রশ্নের ক্রমিক নং | দক্ষতা স্তর | নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানের বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ৪ | ঘ.উচ্চতর দক্ষতা | ৪ | ৪ | পাঠ্যপুস্তকের আলোকে বিজয়ের বাড়িতে অনুষ্ঠিত নাম যজ্ঞের ধারনা ব্যাখ্যা পূর্বক উদ্দীপকের সাথে নামযজ্ঞের সম্পর্ক স্থাপন করে অনুষ্ঠানটি পালনের মাধ্যমে সংহতি ও ভ্রাতৃত্ববোধ জাগ্রত করা সম্ভব তা যুক্তি দ্বারা প্রমাণ করে লিখলে |
| | | | ৩ | পাঠ্যপুস্তকের আলোকে নাম যজ্ঞের বৈশিষ্ট্যকে উদ্দীপকের অনুষ্ঠানের সাথে মিলিয়ে অনুষ্ঠানটি নামযজ্ঞ হিসেবে চিহ্নিত করলে |
| | | | ২ | নাম যজ্ঞের অনুষ্ঠানের বর্ণনা লিখলে |
| | | | ১ | অনুষ্ঠানটিকে নামযজ্ঞের হিসেবে চিহ্নিত করলে |
| | | | ০ | অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে |

### ৪ঘ. নং প্রশ্নের নমুনা উত্তরঃ

বিজয়ের বাড়িতে অনুষ্ঠিত অনুষ্ঠানটি নামযজ্ঞ। এ অনুষ্ঠানে শ্রীকৃষ্ণ ও রামচন্দ্রের গুণ কীর্তন করা হয়। অনুষ্ঠানে বিভিন্ন সুরে ছন্দে হরির নাম করা হয়। নামযজ্ঞ অনুষ্ঠানটি স্থান, সময় এবং আয়োজনের পরিধিভেদে কয়েক প্রহরব্যাপী হয়ে থাকে। নামযজ্ঞানুষ্ঠানটির পবিত্রতা রক্ষা করার জন্য চারিদিকে পরিস্কার পরিচ্ছন্ন রাখা হয়। এই অনুষ্ঠানের মাধ্যমে মানুষ পাপ থেকে মুক্ত হতে পারে।

হিন্দু সমাজের মানুষ বিশ্বাস করে শ্রী হরির নাম নিলে বা শুনলে পূর্ণলাভ হয়। দুঃখ যন্ত্রণা থেকে মুক্তি পাওয়া যায়। এ জন্য মানুষ দূরদূরান্ত থেকে ছুটে এসে নাম যজ্ঞ অনুষ্ঠানে যোগ দেয় এবং নাম শ্রবণ করে। এতে সামাজিক বন্ধনও সুদৃঢ় হয়। ব্যক্তি জীবনে ধর্মানুষ্ঠান মানুষকে নম্র ভদ্র ও বিনয়ী করে তোলে। নামযজ্ঞ হচ্ছে ধর্মানুষ্ঠান। এখানে একের অন্যে সাথে মত বিনিময় করে, ধর্মীয় আলোচনা করে , পরস্পর নিবিড় সম্পর্কে আবদ্ধ হয়। ফলে ভ্রাতৃপ্রেম জাগ্রত হয়। মানুষের মধ্যে সম্পর্কের সেতু বন্ধন সুদৃঢ় হয়। উপরোক্ত আলোচনা থেকে বলা যায় বিজয়ের বাড়ির অনুষ্ঠানের মাধ্যমে সংহতি ও ভাতৃত্ববোধ গড়ে তোলা সম্ভব।

**পরিশিষ্ট: 'ড'**

# সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের উদাহরণ

## বিষয় : হিন্দুধর্ম শিক্ষা বিষয় কোড : ১১২

| ক্রমিক নং | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন |
|---|---|
| ১. | জীবসেবা সম্পর্কিত স্বামী বিবেকানন্দের বক্তব্যের তাৎপর্য ব্যাখ্যা কর। |
| ২. | কর্মযোগ সম্পর্কে গীতায় বর্ণিত শ্লোকটি অর্থসহ লিখ । |
| ৩. | কোন যুগে বৈষ্ণব সম্প্রদায়ের উদ্ভব ঘটে সে সম্পর্কে লিখো। |
| ৪. | বাংলা বছরের প্রথম দিনটি কীভাবে পালন করা হয়? ব্যাখ্যা কর। |
| ৫. | বিবাহের সর্বশ্রেষ্ঠ মন্ত্রটি অর্থসহ লিখ। |
| ৬. | কী উপায়ে মৃত ব্যাক্তিকে সৎকার করা হয়? ব্যাখ্যা করো। |
| ৭. | দীপাবলীর সাথে সম্পর্কিত পূজার ২টি শিক্ষা উল্লেখ করো। |
| ৮. | বেলার মা দীর্ঘদিন ধরে পায়ে ব্যথায় ভুগছেন। তাঁর জন্য কোন ধরনের আসন উপকারী তা ব্যাখ্যা করো। |
| ৯. | জন্ম মৃত্যুর রহস্য নিয়ে কোন গ্রন্থে আলোচিত হয়েছে? ব্যাখ্যা করো |
| ১০. | ধর্মের বিশেষ লক্ষণ সম্পর্কে মনুসংহিতার শ্লোকটি ব্যাখ্যা করো |
| ১১. | রাজা রন্তিবর্মার উপাখ্যান হতে যে যে শিক্ষা লাভ করা যায় কা উল্লেখ করো। |
| ১২. | অধার্মিক ব্যক্তির পরিণতি কী হতে পারে তা ব্যাখ্যা করো। |
| ১৩. | 'আত্মমোক্ষায় জগদ্বিতায় চ" কথাটি ব্যাখ্যা করো |
| ১৪. | শ্রীকৃষ্ণ কী কী কারণে পৃথিবীতে অবতাররূপে আর্বিভূত হয়েছিলেন? |
| ১৫. | স্বামী বিবেকানন্দের যে কোনো ২টি উপদেশটি লিখ। |

**পরিশিষ্ট-'ঢ'**

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

## বিষয় : হিন্দুধর্ম শিক্ষা বিষয় কোড : ১১২

**অধ্যায়ঃসপ্তম**

১০.ধর্মের বিশেষ লক্ষণ সম্পর্কিত 'মনুসংহিতার' শ্লোকটি উল্লেখ পূর্বক ব্যাখ্যা করো

### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

| প্রশ্নের ক্রমিক নং | নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানের বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ১০ | ২ | ২ | ধর্মের বিশেষ লক্ষণ সম্পর্কে 'মনুসংহিতার' শ্লোকটি লিখে ব্যাখ্যা প্রদান করলে |
| | | ১ | ধর্মের বিশেষ লক্ষণ সম্পর্কে 'মনুসংহিতার' শ্লোকটি লিখলে অথবা শ্লোকটি না লিখে কেবল ব্যাখ্যা প্রদান করলে |
| | | ০ | অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে |

১০ নং প্রশ্নের নমুনা উত্তরঃ

ধর্মের বিশেষ লক্ষণ সম্পর্কিত 'মনুসংহিতার' শ্লোকটি হচ্ছে-
বেদ স্মৃতিঃ সদাচারঃ স্বস্য চ প্রিয়মাত্মনঃ ।
এতচ্চতুর্বিধং প্রাহুঃ সাক্ষাৎ ধর্মস্য লক্ষণম ॥॥ (মনুসংহিতা, ২/১২)

ব্যাখ্যা হচ্ছে- বেদ, স্মৃতি, সদাচার ও বিবেকের বাণী এ চারটি ধর্মের বিশেষ লক্ষণ। বেদে বিশ্বাস রেখে স্মতিশাস্ত্রের অনুশাসন মেনে এবং মহাপুরুষদের আচরিত কার্যক্রম তথা সদাচার থেকে সিদ্ধান্ত নিয়ে জীবনে চলতে হয়। আর এতেও যদি সমস্যার সমাধান না হয় তখন নিজের বিবেকের দ্বারা সিদ্ধান্ত নিতে হয়। কাজে লাগাতে হয় নিজের অভিজ্ঞতালবদ্ধ কর্তব্য-অকর্তব্যের জ্ঞানকে।

অধ্যায়: দশম

১৫. স্বামী বিবেকানন্দের যে কোনো ২টি উপদেশটি লিখ।

### নম্বর প্রদান নির্দেশিকা/ রুব্রিক্স

| প্রশ্নের ক্রমিক নং | নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানের বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ১৫ | ২ | ২ | স্বামী বিবেকানন্দের যে কোনো ২টি উপদেশটি লিখলে। |
| | | ১ | স্বামী বিবেকানন্দের যে কোনো ১টি উপদেশটি লিখলে। |
| | | ০ | অপ্রাসংগিক বা ভুল উত্তর লিখলে |

১৫. নং প্রশ্নের নমুনা উত্তরঃ

স্বামী বিবেকানন্দের যে কোনো ২টি উপদেশঃ

১. ধর্ম এমন একটা ভাব যা পশুকে মানুষে এবং মানুষকে দেবত্বে উন্নীত করে।
২. যে শিক্ষায় জীবনে নিজের পায়ের ওপর দাঁড়াতে পারা যায়, সে-ই হচ্ছে শিক্ষা।

## পরিশিষ্ট : 'ণ' পরীক্ষা সংস্কারের প্রজ্ঞাপন


রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৮, ২০০৭


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

অধিশাখা-১১

বিজ্ঞপ্তি

তারিখ, ৬ জুন ২০০৭

নং শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৯৯—দেশের মাধ্যমিক স্তরে বিদ্যমান বহুমুখী শিক্ষাক্রমের আওতায় ৯ম-১০ম শ্রেণীতে একজন শিক্ষার্থীকে শিক্ষার বিশেষ শাখা (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা) বেছে নিতে হয়। বর্তমানে প্রচলিত বহুমুখী শিক্ষা ব্যবস্থার স্থলে একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করা গেলে মাধ্যমিক স্তর পর্যন্ত একজন শিক্ষার্থী ব্যাপকভিত্তিক সাধারণ শিক্ষায় শিক্ষিত হয়ে ওঠার সুযোগ পাবে। এ লক্ষ্যে গত ১২-৭-২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৬০ প্রজ্ঞাপনমূলে ২০০৬ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক স্তরে (৯ম শ্রেণীতে) একমুখী শিক্ষাক্রম প্রবর্তন এবং আগামী ২০০৮ সালে এস.এস.সি পরীক্ষা কাঠামোবদ্ধ প্রশ্ন অনুযায়ী অনুষ্ঠিত হবে মর্মে নির্দেশনা ছিল। প্রস্তুতি হিসেবে দেশব্যাপী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, জেলা শিক্ষা অফিসার এবং শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের অংশগ্রহণে কর্মশালা, অবহিতকরণ ও প্রশিক্ষণের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হয়। এ সংস্কার কর্মসূচির প্রচার ও উদ্বুদ্ধ করণার্থে জেলা শিক্ষা কর্মকর্তা ও জেলা প্রশাসকদের নিকট সচিব, শিক্ষা মন্ত্রণালয় উপানুষ্ঠানিক পত্র দেন। একইভাবে মাননীয় সংসদ সদস্যদের নিকট তৎকালীন মাননীয় শিক্ষামন্ত্রী কর্তৃক উপানুষ্ঠানিক পত্রে একমুখী শিক্ষা কর্মসূচিকে সহায়তার অনুরোধ জানানো হয়।

২। অনিবার্য কারণে ৮ ডিসেম্বর ২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/১৭৮৬ সংখ্যক স্মারকের মাধ্যমে ২০০৭ শিক্ষাবর্ষ পর্যন্ত একমুখী শিক্ষাক্রম ও পরীক্ষা পদ্ধতি সংস্কার সংক্রান্ত কার্যক্রম স্থগিত করা হয় এবং পরবর্তীতে গত ১৪ আগস্ট ২০০৬ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/

( ৬১৪৭ )

মূল্য ঃ টাকা ২.০০

সেসিপ/২০০৪/১১৯৮ সংখ্যক স্মারকের মাধ্যমে ৩১-১২-২০০৭ পর্যন্ত বর্ধিত করা হয়। বর্তমানে সরকার একমুখী শিক্ষা স্থগিত রেখে প্রচলিত শিক্ষাক্রমের আওতায় নতুন পদ্ধতিতে কাঠামোবদ্ধ প্রশ্নের মাধ্যমে পরীক্ষা পদ্ধতি সংস্কারের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ—

(১) এস.এস.সি পরীক্ষায় ইংরেজি ১ম পত্র, ইংরেজি ২য় পত্র, বাংলা ২য় পত্র, সহজ বাংলা, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি, কর্মমুখী শিক্ষা, বেসিক ট্রেড, আরবি/সংস্কৃত/পালি, সংগীত, শারীরিক শিক্ষা ও ক্রীড়া, বাংলা ভাষা ও সাহিত্য, English Language & Literature চারু ও কারুকলা ব্যতীত অন্যান্য বিষয়সমূহের জন্য—

(ক) প্রচলিত পরীক্ষা পদ্ধতিতে ৫০ শতাংশ নম্বরের বিষয়বস্তু সম্পর্কিত সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন, ব্যাখ্যা ও রচনামূলক প্রশ্নের পরিবর্তে ৬০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন (Structured Question) ব্যবহার করা হবে। বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সাথে সংগতি রেখে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী কয়েকটি অংশ নিয়ে প্রতিটি কাঠামোবদ্ধ প্রশ্ন গঠিত হবে। তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত, কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি এবং কম্পিউটার শিক্ষা বিষয়সমূহের ক্ষেত্রে ৪০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন ব্যবহার করা হবে।

(খ) বহু নির্বাচনী প্রশ্নের (MCQ) জন্য বর্তমানে নির্ধারিত ৫০ শতাংশ নম্বরের পরিবর্তে ৪০ শতাংশ নম্বর নির্ধারিত থাকবে, তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিতে ৩৫ শতাংশ, কম্পিউটার শিক্ষা বিষয়ে ৩০ শতাংশ এবং কৃষি শিক্ষা ও গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে ২৫ শতাংশ নম্বর বহুনির্বাচনী প্রশ্নের জন্য নির্ধারিত থাকবে।

(গ) প্রতিটি বহুনির্বাচনী প্রশ্নের জন্য ১ মিনিট সময় বরাদ্দ থাকবে। এই হিসাবে বহুনির্বাচনী প্রশ্নপত্রের সময় বাদ দিয়ে অবশিষ্ট সময় কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য বরাদ্দ থাকবে।

(ঘ) যে সকল বিষয়ে কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য ৬০ শতাংশ নম্বর নির্ধারিত সে সকল বিষয়ের পরীক্ষায় ৯টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৬টি প্রশ্নর উত্তর দিতে হবে। যে সকল বিষয়ে কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য ৪০ শতাংশ নম্বর নির্ধারিত সে সকল বিষয়ের পরীক্ষায় ৬টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে।

(ঙ) প্রশ্ন প্রণেতাগণ বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতি রেখে সংশ্লিষ্ট বিষয়ের সকল বিষয়বস্তু (Content Coverage) বিবেচনায় এনে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী বহুনির্বাচনী প্রশ্নপত্র তৈরি করবেন। এজন্য বোর্ড কর্তৃক নির্ধারিত নির্দেশক ছক (Specification Grid) অনুসরণ করতে হবে।

(চ) উত্তরপত্র মূল্যায়ন সঠিক ও নির্ভরযোগ্য করবার জন্য প্রশ্নপ্রণেতাগণ প্রশ্নপত্রের সঙ্গে নমুনা উত্তর (Model Answer) ও নম্বর প্রদান নির্দেশিকা (Marking Scheme) বোর্ড কর্তৃপক্ষকে সরবরাহ করবেন।

(ছ) পরীক্ষকগণ উত্তরপত্র মূল্যায়নকালে প্রধান পরীক্ষক কর্তৃক সরবরাহকৃত নমুনা উত্তর এবং নম্বর প্রদান নির্দেশিকা অনুসরণ করবেন। উত্তরপত্র প্রকৃত মূল্যায়নের পূর্বে প্রধান পরীক্ষকের তত্ত্বাবধানে পরীক্ষকগণ উত্তরপত্রে নমুনা নম্বর প্রদান (Sample Marking) অনুশীলনের মাধ্যমে প্রকৃত নম্বর প্রদানকে নির্ভরযোগ্য করবেন।

